
".... বৈদিক সমাজ ব্যবস্থায় গৃহস্থকে নির্দেশ দেওয়া হয়েছে, যদি তাঁর গৃহে কোনো সাপ বা টিকটিকিও বাস করে, তবে তারাও যেন অভুক্ত না পাকে। এই নিমন্তরের জীবেরাও যাতে থেতে পায় তার ব্যবস্থা বৈদিক সমাজে ছিল; স্তরাং প্রতিটি মানুছ তো খেতে পেতই। বৈদিক সমাজে গৃহস্থ ব্যক্তিরা মধ্যাহ্ন ভোজন করার আলে রাজায় দাঁড়িয়ে ঘোষণা করতেন, যদি কেউ এখনও ভুধার্ত থাক, তবে এস, খানার তৈরি হয়ে গেছে।' যদি এই আহ্বানে কেউ সাড়া না দিত, তাহলেই গৃহকর্তা খেতে বসতেন।"

শ্রীল প্রভূপাদ কৃত বৈদিক সাম্যবাদ পৃ: ১০

জাদর্শ গৃহস্থ জীবন ডঃ প্রেনাঞ্জন দাস



আদর্শ গৃহস্থ জীবন

ডঃ প্রেমাঞ্জন দাস

সঙ্কীর্তন প্রচার বিভাগ

ইস্কন, শ্রীধান যায়াপুর, নদীয়া, পশ্চিমবঙ্গ-৭৪১৩১৩ দ্রভাষ ॥ ০৩৪৭২-২৪৫৪৭৬ সম্বীর্তন প্রচার বিভাগ
 ইস্কন, শ্রীধাম মায়াপুর,
নদীয়া, পশ্চিমবন্ধ-৭৪১৩১৩
দরভাব : ০৩৪৭২-২৪৫৪৭৬

প্রাহ্ম : রাজু সরকার

প্রথম প্রকাশন

শীক্ষের রাস্যাতা, ২০০২ **বিতীয় প্রকাশন**সংখ্যাতা, ২০০৩

THE ROLL OF

কম্পিউটার সেটিং ঃ পারুল প্রকাশনী

मूजन ३

গারুল প্রকাশনী
৮/৩ চিন্তামণিদাস দেন,
কলকাতা - ৭০০ ০০১
দুরভাষ II ২২৪১ ৬৪৭৪

ন্ত্ৰেল ক্ষিত জাই দ্**তৃষিকা** সভাৰ ক্ষিত্ৰ পৰ্য ক্ষিত্ৰ নাম সমৰ্থ ভ ক্ষমান্ত্ৰত সমূহত

বাৰ কাল পত্ৰিকা বুললেই দেখা যায়, 'বামী গ্ৰীকে এড়িরে মেরেছেন', কিংবা 'গলা টিপে বধ্ হত্যা'—ইত্যাদি। এই সমন্ত ৰামীদের সকলেই যে অশিক্ষিত তা নয়। অনেকেই উচ্চশিক্ষিত ডান্ডার ইঞ্জিনীয়র পর্যায়ের। আবার স্ত্রীও তার বামীকে ছেড়ে অন্যান্য পুরুষের সঙ্গে কাম উপভোগে সিপ্ত ২চছন—এরকম ঘটনাও হামেশাই ঘটছে। বিবাহ-বিচেহদের সংখ্যা ক্রমানই বাড়ছে। পাশ্চাতা মেশণ্ডলিতে এ সমস্যা যেন মাত্রাহীন। তবে ক্রমে ক্রমে 🛶 সব সমস্যা পুণ্যভূমি ভারতক্তেও গ্রাস করছে। বিবাহের পবিত্র উদ্দেশ্য আল বিস্থির পথে। এমত অবস্থায় গৃহস্থ আশ্রম সম্পর্কিত বৈদিক শিক্ষা অত্যন্ত প্রাসনি ক। গৃহত্ব জীবন সম্পর্কে পাশ্চাত্য শিক্ষা এবং বৈদিক শিক্ষার মধ্যে আকাশ-পাতাল ফারাক রয়েছে। পাশ্চাত্য শিক্ষা অনুসারে বিবাহকে সাধারণ্ড বৈধ বেশ্যাবৃত্তি (Legal prostitution) বলে 🥅 করা হয়। আর বৈদিক শাত্রে গৃহস্থ জীবনকে আশ্রম বা মন্দিরের মাডেই পবিত্র বলে গণ্য করা হরেছে। পাশ্চাত্য দেশে স্বামীর গারে একটু ঘামের গদ্ধ হলে কিংবা স্বামী ঘুমের মধ্যে নাক ডাকলে, খ্রী ডাকে চিরতরে পরিড্যাগ করতে পারেন। অনেক সময় খ্রী বলেন, "লোকটি আমার যৌন চাহিদা পুরণ করতে পারছে লা। সুতরাং বিবাহ-বিচেছ্দ অত্যাবশাক।" ঐ দেলের স্বামীরাও ঐ রকম। একজন পুরুষের বহ উপপত্নী কিংবা একজন স্ত্রীর বহ উপপত্তি এক অতি স্বাভাবিক ব্যাপার। খ্রী ডার্ম স্বামীকে খুন করেছেন— এরকম ঘটনাও মাঝে মধ্যে ঘটা। ঐ দেশে প্রকাশ্য মঞ্চে থৌন বিকৃতির ঞ্চৰনী হয় (যেমন কোনো মহিলা গাধার সঙ্গে কাম উপভোগে লিপ্ত হচ্ছে) এবং হাজার হাজার দর্শনার্থী ডা উপভোগ করে। এমন অনেক বিকৃতি আছে যা গ্রন্থে উল্লেখ করার মতো নয়। কিন্তু আশ্চর্যের ব্যাপার এই থে, এই সমস্ত বিকৃতিতে লিপ্ত অধিকাংশ নারী-পুরুষই বিবাহিত।

সুখের নেশায় হাজার রকমের যৌন বিকৃতির আশ্রয় নিয়ে তারা কিন্ত সুখী হতে পারেনি। বরং সারা দেশ জুড়ে স্কুলে উঠেছে আত্মহত্যার আত্মন—অন্যন্তির বিষবাস্প। আত্মন হাত দিয়ে তারা বুঝতে পেরেছে, বৈদিক শিক্ষা কতো নির্ভুল। আমরা জানি, পৃণ্যভূমি ভারতবর্ষে বৌন বিকৃতি এখনো পাশ্চাত্যের সম পর্যায়ে পৌছায়নি। কিন্তু Prevention is better than cure. রোপ হওয়ার আগেই প্রতিষেধ প্রয়োজন। আবার রোগ হর্ণেও ঔষধ প্রয়োজন। আমানের এই 'আনর্শ গৃহস্থ জীবন' গ্রন্থটি একই সলে প্রতিষেধ এবং উত্তধের কাল করবে।

এই গ্রন্থ রচনায় সমস্ত কৃতিত্ব ইসকনের প্রতিষ্ঠাতা আচার্যা শ্রীল প্রভূপাদের। সমস্ত দোব আমার। শ্রীল প্রভূপাদের চিঠিপরকে ভিত্তি করে এই গ্রন্থটি লেখা হয়েছে। এতে গৃহস্থ আশ্রম সম্পর্কে বৈদিক শিক্ষার সার কথা গুলির যথাসাথ্য ব্যাখ্যা করা হয়েছে। বৈদিক সিদ্ধান্ত গুলি সংক্ষেপে নিসরাপ ঃ

১। যৌন ভৃত্তি বিবাহের মূল লক্ষ্য নয়, আনুবসিক মার।

সুস্তান লাভই বিবাহের উদ্দেশ। বিবাহ-বিচ্ছেদ সুস্তান গঠনের প্রতিবছক এবং তাই বিবাহ বিচ্ছেদ অভাত কৃত্য করে।

৩। বামী ন্ত্রী এবং সন্তান মিলে পারমার্থিক জীবনে অগ্রসর হবে-ভাহসেই গৃহত্ব জীবন আশ্রমের সমতুল্য হয়ে উঠবে।

৪। সংবাম এবং সহিক্ষতা বিবাহ জীবনে অত্যন্ত মূল্যবান সম্পত্তি। মহাভারতের নল-দময়্বর্তী কাহিনী, য়য়য় হরিশ্চয়ে এবং শৈব্যার কাহিনী—ইত্যাদি বহু কাহিনী পাশ্চাতা-শিক্ষর সম্পূর্ণ বিপরীত শিক্ষাই আমাদের দিয়ে থাকে।

গৃহখু জীবন সম্পর্কে বৈদিক শিক্ষা যেন এক অমূল্য রন্থ সভার। এই
পৃত্তিকার আমি কেবল মৃষ্টিমেয় রন্থ সভার-এর জ্যোতি উপস্থাপিত করার
চেট্টা করেছি। বর্তমানে দিশ্লান্ত যৌন জীবনে আমাদের এই ছেটা গ্রন্থটি
অমৃতের মতো কাল্ল করবে—এই আমাদের বিশাস। পাঠকেরা নিঃসন্দের
আশেব ভাবে উপকৃত হবেন। গ্রন্থটিতে অনিক্ষাকৃত ভূল-আজি হতেই
পারে। সকলের কাছে সে ব্যাপারে আমি ক্ষমা শ্র্মারী। পাঠকদের কাছে
গ্রার্থনা বৈদিক শিক্ষার বিরোধিতা না করে যদি কোনো ভূল-আজি
আপনাদের নজরে পড়ে, তাহলে আমাকে জানাবেন। গরবতী সংকরশে
তা সংশোধন করার চেটা করা হবে। হরেকৃক্ষ।

ইন্ডি কিনীত প্রেমাঞ্জন দাস রাধান্তমী ১৪/০১/২০০২ ইং



লেখকের অন্যান্য গ্রন্থ :

HER BUTE OF BACK

कार हालीत एसम् वसाधित ...

ਸ਼ਾਸ਼ ਦੇ ਜਿਸ ਜਿਸ ਦੇ ਜਿਸ ਦ

- ১। অগ্রাকৃত কৃষ্ণগ্রসাদ
- ২। বৈদিক দৃষ্টিভঙ্গি
- ৩। সান্ত্ৰিক জীবন
- ৪। ভগবান কে?
- ৫ | গুরু ত্যাগ

🧢 স্টিপত্র 🤏

क विवध	्रेंग्रे
🥌 সকল বর্ণ ও আশ্রমের একই লক্ষ্য	3
🖚 সন্মাসের উপযুক্ত সময়	2
\Rightarrow কৃপণ এবং ব্রাহ্মণ	. 0
\Rightarrow আণ্ডন আর মাধন	e
🥌 গৃহত্ব জীবনের সমস্যা	9
🖚 স্বামীর যোগ্যভা	ъ
⇒ বিবাহের ছাড়পর	50
🗯 विवाद् यस्त	>>
অভক্তদের পরিবেশে কৃষ্ণভাবনা	>5
➡ যথার্থ গৃহান্ত্রমী কখনও উপেক্ষিত নন	20
\Rightarrow দুর্গের আশ্রমে বৃদ্ধ	50
\Rightarrow युष्क खरप्रत स्कीनन	24
⇒ পেট্রাল দিয়ে আগুন নেভানো	7.9
⇒ পরমহসে গৃহস্	20
🗯 বিবাহের বয়স	25
\Rightarrow বাঁরা দূটানায় আছেন	22
\Rightarrow গৃহস্থের স্বাধীনতা	২৩
➡ অবাঞ্তি হতাশা	38
\Rightarrow দৃষ্টান্ত স্থাপন	20
\Rightarrow গৃহমেধী জীবনের পরিণতি	29
\Rightarrow গৃহস্থের অর্থনীড়ি	2b

विवज्ञ	পৃঠা
⇒ পত্নী নির্বাচন	40
🖚 নিত্য গার্হস্তা	05
🛶 মিথ্যাচারী	102
	- 00
*** ভণ্ডামি নিশুয়োজন	90
⇒ নিঃবার্থ কৃষ্ণদেবাই লক্ষ্য	96
া বিবাহের মানসিক প্রস্তুতি	109
বিবাহ-বিচেছ্দ অবৈদিক	৩৮
দারিত্বশীল গৃহস্থ	69
⇒ গৃহস্থ হওয়ার ঝুঁকি	Bo
णा ⇒ গৃহন্থের উপদ্রব	82
বাভাবিক বৈরাগ্য বিরাশ্য বিরাশ বিরাশ	84
🖛 নারীর সতীত্ব	. 84
🖦 আক্ষিক সম্যাস	98
🖦 গৃহত্ব আশ্রমে উৎসাহ	84
\Rightarrow নিরাপত্তাবিহীন গার্হস্ত	B-9
গৃহস্থও পরমপদ বাপ্ত হতে পারেন	84
বিবাহ বিচেছদের কৃফল	83
🖦 শ্রীকে সুরক্ষা দান করা স্বামীর কর্তব্য	œ.
🖦 গৃহে থাক বনে থাক, সদা হরি বলে ডাক	e:
🖦 কৃষ্ণভক্ত গৃহমু গৃহের কলুষ থেকে মুক্ত	e:
■ উদ্বিগ্ন করেন না, উদ্বিগ্ন হন না	ę į
🖦 গৃহত্ব আশ্রম ভক্তির প্রতিবন্ধক নয়	Q4

সকল বর্ণ ও আশ্রমের একই লক্ষ

দেহত্যাগের পূর্বেই যৌনবাসনাকে কমাতে কমাতে শেব পর্যন্ত যদি শূনোর কোঠায় নামাতে না পারি তা হলে পুনরায় জন্ম-মৃত্যুর চফে আবর্তন অবশান্তাবী। যৌনবাসনার সামান্য গদ্ধও যদি অবশিষ্ট থাকে, তা হলেও পুনর্জন অবশান্তাবী। তাই বৈদিক পরিকল্পনা হল, দেহত্যাগের পূর্বেই যৌনবাসনাকে শূন্যের কোঠায় নামিয়ে আনতে হবে। আর দেহত্যাগ তো যে-কোনো মূহুতেই হতে পারে।

তাই ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থী এবং সন্ন্যাসী—সকলেরই এক চেষ্টা এবং তা হচ্ছে কৃষ্ণভাবনায় তীব্র উন্নতির মাধ্যমে (তীব্রেণ ভক্তিযোগেন) বৌনভাবনাকে শূন্য করে দেওয়া। কারণ জন্ম-মৃত্যু-জরা-ব্যাধির চক্রটি বভই ভরকর।

ব্রহ্মচারী তার শৈশব থেকেই চেন্টা করেন যৌনবাসনাকে শূন্যের কোঠার নামাতে। সফল হলে তিনি নৈতিক ব্রহ্মচর্যের ব্রত গ্রহণ করে আজীবন ব্রহ্মচারী থেকে কৃষ্ণভাবনার ক্রত অগ্রগতি লাভ করেন। বার্থ ব্রহ্মচারী গৃহস্থ আশ্রম বরণ করেও একইভাবে চেন্টা চালিয়ে যান। বৃদ্ধিমান গৃহস্থ এই দূরখের জগতে জন্ম-মৃত্যুর চক্রে কন্ট গেতে মহাভম পান। তাই চতুর গৃহস্থও চেন্টা করেন তার যৌন বাসনাকে সম্পূর্ণরূপে শূনোর কোঠায় নামাতে। তাই তথুমাত্র সভান উৎপাদনের প্রয়োজন হাভা তিনি যৌনবাসনার আগুনে ভোগের পোর্মাল ঢালেন না। যদি ঢালেন, শ্রীকৃষ্ণও তাকে অনস্থবার জন্ম-মৃত্যুর চক্রে যোরাতে প্রস্তুত। সূত্রাং গৃহস্থ হলেও যৌনবাসনাকে শূন্যের কোঠায় নামানোর যে লক্ষ্য, ভার কোনো শরিকর্তন করা উচিত নয়।

বদিও ৫০ বছর বয়সে ব্যনপ্রস্থের বিধান রয়েছে, কিন্তু তার আগেও

Build have been place them the did not

HE SHIP HAS DELIGHTED THE

তো আমাদের মৃত্যু হতে পারে। সূতরাং ৫০ বছর বরস পর্বন্ত গৃহস্থ জীবন যাপনের মানে এই নয় যে তিনি যৌনবাসনাকে শুনা করার সংগ্রাম থেকে বিরত হবেন। অবশা ৫০ বছর বরসের পর সকলকেই বানপ্রস্থ এবং কার্যন্ত সন্যাস নিতেই হবে। বাইরের বিচারে চার বর্ণ এবং চার আশ্রম। কিন্তু অভ্যন্তরে সকলেরই এক লক্ষ্ম কৃষ্ণভাবনার মাধ্যমে যৌনবাসনাকে শ্নোর কোঠার নামিয়ে ক্ষম-মৃত্যুর চক্রকে রোধ করা।

मग्नात्मत উপयुक्त मध्य

শ্রীল প্রভূপাদ ইসকনকে তথু মৃষ্টিমেয় ভক্তমগুলীর মঠ রূপে গড়ন্তে চাননি, তিনি চেয়েছিলেন কৃকভন্তের একটি বিপ্ল সমা**ল (Society)** গড়ে তুলতে।

১৯৭২ সালের ১৭ ডিসেম্বর শ্রীদানবীর প্রভূকে লেখা একটি
চিঠিতে শ্রীল প্রভূপাদ বলেন যে, পারমার্থিক প্রগতি সাধনের উদ্দেশ্যে
বিজ্ঞাসম্মত ব্যবহাপনায় যদি একটি পূর্ণাঙ্গ সমাজ আমাদের বিক্রপিত করতে হয়, তা হলে বহু মহিলাও সেখানে থাকবে। এই সমাজে তারা
কি করবেং তারাও শ্রীকৃষ্ণের কাছে এসেছে। আমরা তাদের প্রত্যাখ্যান
করতে পারি না। তাই শ্রীল প্রভূপাদ তার অনেক শিহাকে বিবাহিত
হওগার পরামর্শ দেন। শ্রীল প্রভূপাদ লিখেছেন,

"আমি একজন গৃহস্থ ছিলাম, আর আমার শুরু মহারাজ ছিলেন আজীবন ব্রস্কাচারী। কিন্তু আমরা দৃজনেই একই সেবা গ্রহণ করেছি এবং কৃষ্ণভাবনামৃত হাচার করছি। তা হলে গৃহস্থ আর ব্রস্কাচারীর কী পার্থক্য থাকল ?"

(मिकाम्छ, शृह ४७४)

আমাদের সব কিছুই ভক্তিভরে শ্রীকৃষ্ণের সেবায় লাগানেই হচ্ছে প্রকৃত সম্যাস। সেই অর্থে একজন সন্মাসীর মতো হাদরের অধিকারী এবং পাচরণকারী একজন গৃহছও সন্মাসীর সমপর্বায়ভূক্ত—যদিও তার ব্রী এবং বহু সন্তান-সন্ততি খাকতে গারে।

ন্ত্রী যদি উন্নত ভক্ত হয়, সে স্বামীর সন্যাস গ্রহণকৈ সানন্দে মেনে নেবে। তবে ন্ত্রী যদি উন্নত ভক্ত না-ও হয়, তবুও তাকে অসময়ে ত্যাপ করা অনুচিত। দৃষ্টাম্বয়রূপ, শ্রীল প্রভূপাদ কর্মনই তাঁর স্ত্রীর আচরণ পছন্দ করতেন না, কিন্তু তিনি জানতেন যে, সম্ভানরা বড় না হওরা পর্যন্ত সন্যাস গ্রহণ সম্ভব নয়। তাই তবুমাত্র কর্তব্যের খাতিরে তিনি উপযুক্ত সময়ের ক্রিনি করেছিলেন। সম্ভানেরা বড় হলে তিনি গৃহত্যাগ করেন।

বিবাহিত পদ্ধীকে অন্ততপক্ষে একটি সন্তান দান করা স্বামীর কর্তব্য।
যাতে দ্রীও খূশি হবে এবং জীবনভর ব্যস্ত থাকার একটি সুযোগ পাবে।
খ্রী মারেই মা হতে চায়। খ্রীকে সন্তান দান না করে অসময়ে সন্মাস গ্রহণ
করলে সে বুব সুখী হবে না। পারমার্থিক সমাজে এরকম বিশৃত্বলা সৃষ্টি
করা আমাদের বাঞ্নীয় নয়।

কৃপণ এবং ব্রাহ্মণ

নামেমার বিবাহ-বন্ধনে আবদ্ধ হয়ে বিষয়-ভোগে শা ভাসিয়ে নিলেই তাকে গৃহস্থ বলা যায় না। সেই ধরনের তথাকথিত গৃহস্থাসের গৃহমেধী বলা হর। ভক্তরাজ গ্রহাদ মহারাজ এই সমস্ত গৃহমেধীদের কর্ণনা করে নিমোক্ত লোকটি বলেছেন :

বমৈথুনাদি গৃহমেধীসূবং হি তৃচ্ছং
কণ্ডয়নেন করয়োরিব দৃঃখদৃঃখম্।
তৃপ্যস্তি নেহ কৃপণা কংদৃঃখভাজঃ
কণ্ডুতিবন্মনসিজং বিষহেও ধীরঃ।।
(ভাঃ ৭/৯/৪৫)

এই প্লোকে বৌনসুবকে গৃহমেধীদের প্রধান সুধ বলে করি। করা হল। এই সুধ কী রকমং না, চুলকানির মতো। কারও হাতে যবন চুলকানি হয়, তখন সে চুলকিয়ে আদ ধরনের আরাম পায়। কেউ চুলকানি রোগ কামনা করে না। সবাই চুলকানিকে ঘূণা করে। যার সারা শরীরে চুলকানি, লোকে তার কাপড়-চোপড় পর্যন্ত স্পর্ল করতে ভর পায় কিবো ঘূণা করে।

অতএব এই চুলকানির সূব গুধু ভূচ্ছ সূব নয়, তা জ্বনাও বটে। কারও হাতে বখন চুলকানি হয়, তখন মাঝে মধ্যেই চুলকানোর জন্য এক রকমের সূভ্সূভি জাগে। যদি কোনো বাক্তি সেই প্রাথমিক সূভ্সূভিটাকে সহা করতে পারে, তা হলে দেখা যায়, তার চুলকানি বুব অন্ধ সময়ের মধ্যে সেরে যায় এবং তা শরীরের সর্বত্র ছভায় না।

কিন্ত যে ব্যক্তি সেই সূড়সূড়িতে অধীর হয়ে পড়ে, সে গুংকণাৎ চুলকাতে শুরু করে। চুলকানোর সঙ্গে সঙ্গে সে এক ধরনের আরাম পায় এবং সেই আরামের বশবতী হয়ে সে তখন আরও চুলকায়। চুলকাতে চুলকাতে যখন রক্ত বেরিয়ে আসে, তখন সে বাধ্য হয়ে চুলকানো বন্ধ করে। আবার একটা সাময়িক বিরতির পর সে আবার চুলকায়। এইভাবে ঘা ক্রমশ বড় হতে থাকে এবং সারা শরীরে ভা ছড়িয়ে পড়ে।

তথাকথিত গৃহস্থরা, যাদের কোনো চিম্ময় জ্ঞান নেই, তারা আসচে এরকম চুলকানোর আনন্দে ময়। সারা শরীরে দগদগে ঘা হয়ে গেলে চর্মরোগীর চুলকানি বরং বেড়েই যায়। ঠিক তেমনি অভিরিক্ত যৌন ভোগের ফলে ভোগবাসনা শুধু বাড়তেই থাকে।

THE TAY WAS IN THE PARTY OF

ন জাতু কামঃ কামানাম্ উপভোগেন শামাতি। হবিষা কৃষ্ণবর্ষ্ণেব ভূয় এবাভিবর্গতে॥

(日19/29/28)

আশুনে বি ঢাললে আশুন তবু বাড়তেই থাকে। জীবনে যে যত বেশি ভোগ করবে, তার ভোগবাসনাও তত বেশি প্রবল হবে। স্থালানি কর্ম করে দিলে আশুন নিভতে বাষা। ভোগ বন্ধ হলেই ভোগবাসনা দুর্বল হরে পড়বে। আর শুদ্ধ কৃষ্ণভক্তির স্থান পেলে, কাম সম্পূর্ণ নির্মুল হবে। কাম তথন প্রেমে রূপান্তরিত হবে।

বে সমন্ত গৃহমেধীরা সেই উন্নত থাদের গছটুকুও পায়নি, এই তুল্জ সূথকেই তারা ভগতের সর্বস্রেচ সূথ বলে গণা করে। আসলে তা দৃঃখ ছাড়া কিছুই নয়। যারা এই দুঃখন্তমক চুলকানির সূথে আসক্ত, তারাই ভূপণ, ক্ষুচেতা। তারা কথনোই তৃপ্ত হয় না। ইন্সিয়ভোগের চর্বিতচর্বণ করে করে তারা অধীর আর উন্সাদ হয়ে ওঠে।

ষারা ধীর, তারাই ব্রহ্মণ। বোকা, কৃপণ এবং মূর্যদের শ্রাপ্য পুংখকট কর্মনোই তাদের ভোগ করতে হর না। সেই ধরনের ধীর ব্যক্তিই যথার্থ গৃহস্থ। আর অধীর উন্মন্ত, তথাক্তিত গৃহস্থরাই গৃহমেধী।

আশুন আর মার্থন

বৈদিক শাত্রে কলা হরেছে যে, নারী হল আগুনের মতো, আর পুরুষ হল মাধনের মতো। যখন আগুন এবং মাধনকে যথেট বাবধানে রাখা হর, তখন মাধন গলতে পারে না। কিন্তু যখন আগুন ও মাধনকে পাশাগালি রাখা হয়, তখন মাধন তো গলবেই, উপরন্ত, আগুন আরগু প্রবলভাবে জ্বলে উঠবে। অবশেষে মাধনও নিঃশেষিত হবে, আগুনও জিমিত হবে।

এইজনা বৈদিক শান্তে নারী এবং পুরুষকে কঠোরভাবে বিচ্ছিন্ন করে রাখার নির্দেশ দেওরা হয়েছে। আবৃনিক যুগের মানুব উদারতার নাম করে নারী-পুরুষের এই দূরত্বকে আর বজার রাখতে চাইছে না। বিশেষ করে পাশ্চান্ড দেশগুলি এ ব্যাপারে একেবারে মারা ছাড়িয়ে গেছে।

কিন্তু 'ফলেন পরিচীয়তে'। ফল দেখেই বোঝা যাছে, এই অবাধ সংমিশ্রণ কত ভরাবহ। নারী-পুরুষের এই অবাধ মিলনেরই ফলক্রডি স্বরূপ বহ ওরুতর সমস্যা দেখা সিরেছে। ক্ষণিকের উত্তেজনার ভারা তথাকথিত বিবাহবন্ধনে আবন্ধ হতেছ। কিছু দিন যেতে না-হেডেই ঘটছে विवादितका ।

পাশ্চাত্য দেশের অধিকাপে নারী-পূরবই জীবনে কম করেও নর-দশ বার বিয়ে করে। কাতারে-কাতারে অবাঞ্চিত সন্তানের জন *হছে*। তারা উপযুক্ত স্নেহ-ভালবাসা পাচেছ না। অসংখ্য গর্ভপাত, আত্মহত্যা, चून,—धेरै नमस नामाजिक नमनात मृत कारत एक नारी-लूकरदत धेरै অবাধ খিলন। EXCLUSION STREET, U.S.A.

তাই, স্বাধুনিকতা এবং নারী স্বাধীনতার নাম দিয়ে বোকা লোকেরা যাই করুক না কেন, বুদ্ধিমানদের সতর্ক হতে হবে। বৈদিক মানদত অনুযায়ী, কোনো অবিবাহিত নারী এক রাতের জন্যও যদি ঘরের নাইরে গিয়ে থাকে তবে কেউ তাকে বিবাহ করবে না। এমনকি বিবাহিত। নারীও এক রাতের জন্যও যথেচ্ছ বিচরণ করতে পারবে না। শ্রীমন্তাগবতে নির্দেশ দেওয়া হয়েছে :

মাত্রা স্বস্তা দৃহিত্রা বা নাবিবিকাসনো ভবেং। বলবান ইন্সিয়-গ্রামো বিশ্বাংসমপি কর্ষতি॥

(et = 8/38/39)

আধুনিকডার নাম করে এমনকি নিজের মেয়ে, বোন, কিংবা মাত্রের সঙ্গেও নির্জনে কাছাকাছি অবস্থান করবে না।

সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর এমনকি তাঁর খ্রীর কাছ থেকেও পুরে অবস্থান করতেন। সচরচের স্ত্রীর মুখ্রু দর্শন করতেন লা। স্বরং শ্রীচৈতন্য মহাশ্রভুও জার গৃহস্থ লীলায় এই শিক্ষাই দিয়ে গেছেন। বৈদিক যুগে, কি বিবাহিত, কি অবিবাহিত-সমস্ত নারীরাই থাকতেন অন্তঃপুরে। তাঁরা সূর্যদেবকেও সচরাচর দেখতে পেতেন না। মূলাবান মণিমুক্তার মতো পুরুষ অভিভাবকরা তাঁদের রক্ষা করতেন। সম্রাপ্ত বলের মহিলারা আঞ্চাদিত পালকিতে করে সসম্মানে বহিরে মেতেম। আর পুরুতেরা বিশেষ প্রয়োজন হাড়া অন্তঃপুরে যেতেন না।

আদর্শ গৃহস্থ জীবন

বিবাহিত নারী-পুরুষের কর্তবা-পুথক পুথক ঘরে বসবাস করা। (ভাঃ ৩/৩১/৪০ তাৎপর্য) একমাত্র গর্ভাধান সংস্কার অনুষ্ঠানকানেই তাঁরা একত্রে বাস করতে পারেন। আর অবিবাহিত নারী-পরুষ অত্যন্ত কঠোরতার সঙ্গে এই দূরত্ব বজার রাখবেন। এতে সমাজের শ্রীবৃদ্ধি এবং পারমার্থিক প্রগতি অনিবার্ধ :

কাম-বাসনা চরিভার্থ দরার জন্য বাস প্রবের সংযোগ অত্যাবশ্যক। আর এই তাৎক্ষণিক সংযোগ থেকে স্বন্ম নিচ্ছে অন্তত্ত সমসা। ব্রন্মলোক থেকে শুরু করে নিম্নতম লোক পর্যন্ত সর্বত্রই, সমস্ত শ্রেণীর জীব এই ব্যাপারে কম-বেশি একই ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছে। মূর্থ মানুবেরা প্রতি মূহুর্তে এই সংযোগের ভয়াবহ পরিণতি লক্ষ্য করছে। কিন্তু তবুও তা বর্জন করার জন্য পর্যাপ্ত বুদ্ধি তাদের व्यक्त्यादारे साध्रुष्ठ रहा ना। व्यक्तरे दमा रहा भगाविभ न भगावि (ভাঃ ২/১/৪) অর্থাৎ দেখেও দেখে না।

দেখেও যে দেখে না, তাকেই বলা হয় জডবাদী। সভি্যকারের জড়বাদী বা অসুর জানে কোন্টা পাপ, কোন্টা মন্দ। কিন্তু তবুও সে পাপ না করে থাকতে পারে না। দৃষ্টাডম্বরূপ, ধৃতরাষ্ট্র জানতেন, তিনি

পাপ করছেন। তিনি জানতেন, ত্রীকৃষ্ণ হলেন ভগবান এবং তার সম্বন্ধিবিধান করা প্রতিটি জীবের কর্তব্য । একবার তিনি শ্রীকৃঞ্চের কার্ছে তা স্বীকারও করেছিলেন। কিন্তু ডবুও কার্যক্ষেত্রে তিনি তা অনুসরণ कत्रात्ठ भारतनी। काम, व्याध, मारू এই সমস্ত दिभशम এउই প্রবল যে, কোনো জানী ব্যক্তিও এদের দমন করতে ব্যর্থ হয়ে পছে। সে জানী হলেও অভক্ত। একমাত্র ওন্ধ ভক্তই কামের বেগ সম্পর্ণ সহা করতে পারেন। না হলে প্রতি মৃহূর্তে কামের ভয়াবহ কুফল লক্ষ্য कतलाव, भगामिन न भगाछि (छ। ३ २/১/৪)-- (मध्यव ना मामात মতো তা কেবল ভোগই করে যেতে হবে। অর্থাৎ আমরা জডবাদীর ন্তরেই থেকে যাব।

এই কৃষক সম্বন্ধে সচেতন হওয়ার জনাই বৈদিক শিকা-ব্যবস্থায় বিবাহের পূর্ব পর্যন্ত কঠোর ব্রহ্মচর্য শিক্ষার ব্যবস্থা ছিল। ছেলেদের ২৫ বছর বয়স পর্যন্ত এমন এক পরিবেশে রাখা হত, যেখানে খ্রী-সঙ্গের কোনো সুযোগই থাকত না। এইডাবে ব্রহ্মচর্য পালনের মাধ্যমে ছাত্ররা তার সুফল সম্বন্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতা লাভ করত এবং কাম উপভোগের ভয়াবহ পরিণতি সম্বন্ধে সচেতন হত। তাই সন্ত্যিকারের ব্রন্মচারীর পক্ষেই মথার্থ গৃহস্থ হওয়া সম্ভব।

সাধারণত নারীক্ষাতির জড় কামনার কোনো শেব নেই। প্রচুর অর্থ এবং সুম্বান্থ্যের অধিকারী না হলে খ্রীকে সম্ভুষ্ট করা বৃবই কঠিন। নারীজাতির প্রধান তিনটি চাহিদা হল :

১। অপর্যাপ্ত সূর্য-সাচ্ছন্যের চাহিনা, ২। সৃন্দর সৃন্দর পোশাক এবং অলভারের চাহিদা 🗈 ৩। থৌন তৃপ্তির চাহিদা। কোনো পুরুষ বদি নারীর উপরোক্ত তিনটি চাহিদা মেটাতে না পারে, তা হলে সেই সংসারে সমস্যার শেষ নেই। কিন্তু সমস্যা হল, এই চাহিদাণ্ডলি পরিপূর্ণভাবে পরিতপ্ত করা কথনেই সম্ভব হয় না। যখনই কোনো পুরুষ তার নীর এই সমস্ত চাহিদাগুলি পুরণ করার জন্য কোমর বেঁধে লেগে পড়েন, তখন কৃষ্ণভাবনামূত আশ্বাদনের ক্রেকে উন্নতি লাভ করা প্রায় শুনোর কোঠার নেমে যায়।

তা হলে এই সমস্যার সমাধান কিং এই সমস্যার সমাধান করতে হলে স্বামী-স্ত্রী উভয়কেই তীব্রভাবে কৃষ্ণভাবনার অনুশীলন করতে হবে। স্বামীর কর্তন্ত, ন্ত্রীকে কৃষ্ণভাবনার ভাবিত রাখা। যদিও গ্রীজাতির ভোগবাসনা অনেক বেলি, তবুও তাঁদের একটা বিশেষ যোগ্যতা আছে ষা পুরুষের ক্ষেত্রেও তউটুকু নেই। সেটা হল তাঁদের হাদয়ের সরলতা। কোন নারী বখন কৃষ্ণভাবনায় ভাবিত হন, বেশির ভাগ ক্ষেত্রেই দেখা বার তার সরণ ভক্তি বিশ্বাস পুরুষের থেকেও বেশি। 🕐

শৃথিকীর 🕶 মেশেই 🖿 যায়, পুরুষদের থেকে নারীদের ধর্মপ্রকাতাই যেন অধিক প্রকা। ধর্মীয় অনুষ্ঠানগুলিতে মহিলাদের সমাগমই বেশি হয়ে থাকে।

একটা সরল শিশুকৈ যেমন কুপথে চালিত করা সহজ, তেমনি সুপথে চালিত করাও সহজ। নারীরাও অনেকটা শিশুর মতো। তাই স্বামীর কর্তব্য হল তাঁর গ্রীকে এমনভাবে কৃষ্ণভাবনায় ভাবিত করা ষাতে বডম্মূর্ত ভাবেই দ্বীর জড় চাহিদা কমে যায়। পাশাপাশি স্ত্রীর পর্বাপ্ত ভরনগোরদের দায়িত্ব স্বামীকে অবশ্যই নিতে হবে। কিন্তা স্বামীর মূল দায়িত্ব হল খ্রীকে কৃষ্ণভাবনায় ভাবিত করা। খ্রী*মদ্ভাগব*ডে (৫/৫/১৮) বলা হয়েছে, নে পতি তার স্ত্রীকে 'কৃঞ্চভাবনা' দানের মাধ্যমে আসন মৃত্যুর হাত থেকে উদ্ধার করতে পারে না, সেই ব্যক্তি স্বামী হবার যোগা নয়।

या. पू. ही.-->

বিবাহের ছাড়পত্র

যে সমস্ত ব্রহ্মচারীরা গৃহস্থ হবেন বলে ভাবছেন, তাঁদের প্রভাকেরই গভীরভাবে চিন্তাভাবনা করা উচিত। গৃহস্থ জীবনে সমস্যার শেষ নেই। সেসব সমস্যার সমাধান করতে করতে কৃষ্ণভাবনার অনুশীলন করা অনেকের পঞ্চেই কঠিন হয়ে পড়ে।

তাই যিনি কৃষ্ণভাবনায় উমতি করার জন্য আন্তরিকভাবে নিষ্ঠাবান, তিনি যথাসন্তব খ্রীসঙ্গ (কিংবা খ্রীর পক্ষে পৃষ্ণধ সঙ্গ) বর্তন করবেন। গৃহস্থ আশ্রমের এই সব সমস্যার কথা ভেবেই দূরগণী এবং ভাগাবান ভক্তরা ব্রক্ষার্য কিংবা সম্যাস আশ্রম অবলম্বন করেন।

কিন্তু থাদের এতেটুকু ভাগ্য উপর হয়নি, যারা যৌন কামনাকে দমন করতে অক্ষম, ভারা যাতে গেরুয়া কাপড় পরে ডও প্রকারী বা ডও সমাসীর জীবন যাপন না করে, ভাদের জন্য এই গৃহত্ব আশ্রম অবশ্য বরণীয়। এই গৃহত্ব আশ্রম একটা শাইসেলের মতো। এই শাইসেল বা ছাড়পত্র নিয়ে কোনো গৃহত্ব তথ্যাত্র কৃষ্ণভক্ত সন্তান উৎপাদনের জন্য বিবাহিত প্রীর সঙ্গ করতে পারেন। কৃষ্ণভক্ত সন্তান উৎপাদনের উদ্দেশ্য ছাড়া তথ্যাত্র যৌনসূখ উপভোগের জন্য শ্রী-সঙ্গ সূকঠোরভাবে নিবিদ্ধ।

অর্জুন চার পত্নীর স্বামী হয়েছিলেন। তাঁর প্রত্যেক পত্নীর গর্ভে তিনি সন্তান দান করেছিলেন। কিন্তু সর্গের অন্সরা উবলী যথম অর্জুনের সঙ্গে অবৈধ সঙ্গ কামনা করলেন, অর্জুন তথন তা তীব্রভাবে হত্যাখ্যান করেন। বৈধ সঙ্গ মানেই বিবাহিত স্ত্রীর সঙ্গ এবং তাও আবার শুধুমার সন্তান কামনায়।

তবে অর্জুন চার পত্নী গ্রহণ করেছেন বলে যে-কেউই তা করবে, তা ঠিক নয়। কলিযুগের মানুষ এক পত্নী এবং এক সন্তানের দায়িত্ব নিয়েই হিমসিম থেয়ে যান। অর্জুনের মতো যোগ্য রাজকুমার আজ আর নেই। তবে কি অর্জুনের ক্ষেত্রে, আর কি সাধারণ ব্যক্তির ক্ষেত্রে, বিবাহের লাইসেক কখনই ধৌন জীবনের প্রতি উৎসাহদান করার জন্যে নয়। সেটা হল এক অনিবার্য আগস নিম্পত্তি।

বিবাহ যজ

বৈদিক শান্তে বিবাহকে যজ বলা হয়েছে। যজ মানেই বিশ্বুকে সন্তুষ্ট করার উদ্দেশ্যে সম্পাদিত সেবা। সূতরাং যিনি বিবাহের মাধ্যমে গৃহস্থ আশ্রমে প্রবেশ করতে ইচ্ছুক কিবো যিনি ইতিমধ্যেই গৃহস্থ আশ্রমে প্রবেশ করেছেন, তার জানা উচিত, গৃহত্বের কোন্ কোন্ আচরণে বিশ্বুত সন্তুষ্ট হন এবং কোন্ কোন্ আচরণে তিনি অসন্তুষ্ট হন। কেননা যখন তিনি অসন্তুষ্ট হন, তখন তা আর যজ্ঞ থাকে না, তা হয়ে ওঠে ইন্দ্রিয় তর্পণ।

অর্থাৎ এই জড় জগতে খ্রীসঙ্গ, আমিষ আহার ও নেশা করার ব্যাপারে সকল শ্রণীরই সাভাবিক কচি আছে। কিন্তু শান্তে যে বিবাহ ইত্যাদি বজের কবস্থা দেওয়া হয়েছে, তার উদ্দেশ্য এইসব স্বাভাবিক কচিকে উৎসাহ দান করা নয়। বরং কোনো ব্যক্তি যদি নৈষ্টিক প্রস্নাচারী কিংবা সন্মাসী হয়ে থাকতে পারেন, তা হলে তা উত্তম। তা হলে শান্তে কেন বিবাহ, সুরাগ্রহ গুড়তি যজের নির্দেশ দেওয়া হল। কারণ শান্তের উদ্দেশ্য হল বিবাহের মাধ্যমে খ্রীসঙ্গের গ্রতি মানুষের স্বাভাবিক জড় ক্রচিকে নিয়ন্ত্রিত করা। তেমনি সুরাগ্রহ যজের মাধ্যমে মধ্যপানকে নিয়ন্ত্রিত করা। অর্থাৎ মানুষ যেন অবাধ ব্রীসঙ্গ, অবাধ দেশা ইত্যাদিতে
নিরুৎসাহিত হয়, সেজনাই এই বিবাহ-বন্ধন, বিভিন্ন যজের বন্ধন। আর

যখনই কোন ব্যক্তি বিবাহ যজেঁর মাধ্যমে অঙ্গীকারবদ্ধ হন, তথন
তথুমাত্র কৃষ্ণভক্ত সন্তান উৎপাদনের উদ্দেশা ছাড়া তথুমাত্র ভোগের
জন্য এমনকি তাঁর নিজের গ্রীর সঙ্গও করতে পারেন না, পরস্কীর
কোনো প্রনীই ওঠে না। এইভাবে যখন কোনো গৃহত্ব গৃহাত্রমের অসংখ্য
শান্ত্রীয় বিধি মেনে চলেন, ত্থনই কেবল বিষ্ণু সন্তাই হন। আর তথনই
ভা যজ্ঞ।

অভক্তদের পরিবেশে কৃষ্ণভাবনা

গৃহস্থদের পক্ষে সব সময় মন্দিরে বসবাস করা সন্তব হয় না। বনি এমন হয় যে, কোনও কৃষ্ণভক্ত গৃহস্থকে এমন এক পরিবেশে থাকতে হল, যেখানে প্রায় সবাই অভক্ত, সেক্ষেত্রে গৃহস্থ ভক্তদের হতাশ হওয়া উচিত নয়। একজন যথার্থ কৃষ্ণভক্ত নরকেও সুন্দরভাবে মানিয়ে চলতে পারেন। যিনি পূর্ণরূপে কৃষ্ণভাবনাময়, বাইরের কোনও পরিস্থিতিই তাঁকে প্রভাবিত করতে পারে না। কারণ তিনি সর্ব অবস্থান করেন।

শ্রীল গুড়ুপাদ যখন গৃহস্থ আশ্রমে ছিলেন, তখন তাঁর পরিবার পরিজন কৃষ্ণভাবনার অনুকূল ছিল না। তিনি যেহেতু ওবুমের ব্যবসা করতেন, তাই সব সময়েই তাঁকে এখানে-সেখানে যাতায়াত করতে হত এবং বহ বিবয়ী মানুষের সঙ্গ করতে হত। বাইরের বিচারে তাঁকে একজন যোর ব্যবসায়ীর মতোঁই ব্যস্ত থাকতে হত। কিন্তু তাঁর চেতনা ছিল সম্পূর্ণরেপে কৃষ্ণভাবনাময়। তাগবতে বলা হয়েছে :

> নারায়ণপরা সর্বে ন কৃতশ্চন বিভাতি। স্বর্গাপবর্গনরকেমপি তুল্যার্থ দর্শিনঃ॥

> > (당: ৬/১৭/২৮)

একজন নারায়পপরীয়প ব্যক্তি কোথাও ভয় পান না। বর্গ, অপবর্গ, কিবো নরকপ্রান্তি—সর্ব অবস্থাতেই তিনি সমদর্শী। কারণ তাঁর চেতনা সম্পূর্ণরূপে তথা। তাই জড় জগতের কোনো তর্ণই তাঁর চেতনাকে প্রভাবিত করতে পারে না। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর গেয়েছেন ঃ

> गृटर थाक, वान थाक, जना दित वान छाक।

> > —(গীতাবলী)

এবানে 'গৃহে থাক' বলতে সাধারণত গৃহস্থদের কথাই বোঝানো হয়েছে। গৃহস্থ ভক্তরা গৃহে অবস্থান করলেও, তাঁদের চেডনাকে সর্বদাই বৈকুঠ চেতনায় রূপান্তরিত করতে হবে। চেতনা যদি বৈকুঠ বা বৃন্ধাবন হয়ে ওঠে, তবন নরকও বৈকুঠ বা বৃন্ধাবন। স্থান নয়, তৎপর সেবাবৃত্তিই তথ্য ভাতের তৃত্তির উৎস।

সূতরাং মন্দিরবাসী ব্রক্ষচারী বা সন্ন্যাসী ছাড়া ওছ কৃষ্ণভক্ত হওয়া অসম্ভব—এই ধারণা ত্যাগ করতে হবে। বরং মন্দিরবাসী হয়েও, ব্রক্ষচারী বা সন্মাসীর পোশাক পরেও একজ্ঞন নারকীয় জীবন যাপন করতে পারে। তাই প্রতিটি গৃহস্থকেই জোর দিতে হবে ভাব বা চেতনার উপর। তা হলেই ভাবগ্রাহী জনার্থন সন্তুষ্ট হবেন।

ষখার্থ গৃহাশ্রমী কখনও উপেঞ্চিত নন

শ্রীটেতন্যমহার্যভূব ধারায় অধিকাংশ ডক্টই গৃহস্থ। মহাপ্রভূব সমসাময়িক ভক্তবৃদ থেকে গুরু করে আরু পর্যন্ত গৃহস্থ বৈষ্ণবের সংখ্যাই বেশি। সমং মহাপ্রভূ এবং নিজ্ঞানন্দ প্রভূও জীবশিকার জন্য গৃহস্থ আশ্রমের দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। বৈষ্ণব আচার্যদের মধ্যে অনেকেই ছিলেন গৃহস্থ। সমুং শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর এবং শ্রীমদ ভক্তিবেদান্ত স্বামী শ্রীল গ্রন্থপাদেও বহু বছর গৃহত্ব আশ্রমে অবস্থান করেই কৃষ্ণাস্বায় নিযুক্ত ছিলেন।

বীমন্মহারত্ব এবং তাঁর অন্তরঙ্গ পার্যদেরা ভালভাবেই জানতেন বে, এই অধংপতিত কলিযুগে গৃহত্ব আশ্রমের সমাদরই হবে সবচেরে বেলি। তাই আদর্শ গৃহত্ব আশ্রমের ভূরি ভূরি দৃষ্টান্ত স্থাপিত না হলে বেলির ভাগ মানুব গৃহত্ব আশ্রমের নামে গৃহমেধী জীবন যাপন করবেন। তাই তথুমাত্র আদর্শ দৃষ্টান্ত স্থাপনের জন্যই মহাপ্রভূ এবং তাঁর অন্তরঙ্গ পার্যদেরা গৃহত্ব আশ্রম বরণ করেছিলেন। সুভরাং গৃহছেরা বৈক্ষব সমাজে উপেক্ষিত নন।

অনেকে প্রশ্ন করেন, শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর জার গৌড়ীয় মঠে গৃহস্থদের আশ্রয় দেননি, কিন্তু ইসকনে গৃহস্থরা একেবারে মন্দিরের মধ্যেই আশ্রয় পেয়ে যাছেনে, সেটা অশান্তীয় কি নাং

সাধারণত ভূপ বোঝাবুঝি থেকেই এই ধরনের প্রশ্ন জাগে। শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্থতী ঠাকুরের আদেশেই শ্রীল ভক্তিবেদান্ত শ্রীল গ্রভূপাদ বৈষ্ণব ধর্মাদর্শ প্রচার করেন সারা বিশ্বে। তাঁর এই বিশ্বব্যাপী প্রচারের ফলেই গড়ে ওঠে বিশ্ব বৈষ্ণব সমাজ (Society)। মঠ ফ্রন সমাপ্তে পরিণত হল, তথন স্বাভাবিকভাবেই বৈদিক সমাজবিধি অনুসারে চার কর্ণ এবং চার আশ্রমের সমস্ত অনুগামীরাই তার অন্তর্ভুক্ত হলেন।

স্বাং মহাপ্রভূর সময়েও গড়ে উঠেছিল এক বিপুল বৈষ্ণব সমাজ। ত্রীচৈতন্য চরিতামৃত এবং শ্রীচৈতন্য ভাগবতাদি গ্রহসমূহ তৎকাদীন গৃহস্থ বৈষ্ণবদের কাহিনীতে পরিপূর্ণ এবং তাঁদের প্রত্যেকের গৃহই ছিল এক-একটি কৃষ্ণমন্দির।

নিন্দুকের' চিরকানই নিন্দা করবে। শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরক্ষী ঠাকুর বখন প্রথম গাড়িতে চড়ে প্রচার করেন, তখন প্রনেকেই তাঁর নিন্দা করেছিল—তাঁর আগে কোনো বৈষ্ণব নাকি গাড়িতে চড়তেন না। শ্রীল ভক্তিকোন্ত স্বামী প্রভূপাদের আগে কোনো গৃহত্ব মন্দিরে আপ্রয় পাননি বলেই যে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘে তাঁদের আপ্রয়দান অশান্ত্রীয়—এই সিদ্ধান্ত নিভান্তই ঈর্যাপ্রসূত। ওন্ধ গৃহত্ব বৈষ্ণবদের প্রতি এই ঈর্যা নিঃসন্দেহে অপরাধমূলক।

দূর্চার আশ্রয়ে যুদ্ধ

শ্রীকৃষ্ণভাবনাযুতের অনুশীলন মায়ার বিস্তন্ধে যুদ্ধ যোষণা করার মতো। যৌন কামনা হল মারার সবচেয়ে শক্তিশালী বন্ধন। যে-সমস্ত জীব শ্রীকৃষ্ণকে ভূলে গিয়ে এই ছড় জগৎকে কেবলই ভোগ করতে চায়, তারাই যৌন আকাৰকার বারা মোহিত হয়।

তাই কোনও ব্যক্তি যদি জড় স্কগতের বন্ধন অতিক্রম করতে চান, তবে তাঁকে অবশাই তাঁর যৌন কামনা নিয়ন্ত্রণ করতে হবে। সমগ্র বৈদিক সভাতার মূল পরিকল্পনাই হল এই যৌন কামনাকে দমন করা।

বৈদিক সমাজে সেজনা চারটি আত্রম ব্যবস্থার প্রচলন ছিল—(১)
ব্রহ্মচর্য, (২) গার্হস্থা, (৩) বানপ্রস্থ এবং (৪) সম্যাস। এই চারটি
আত্রমের মধ্যে ব্রহ্মচর্য, বানপ্রস্থ এবং স্থায়স—এই তিনটি আত্রমেই
যৌনজীবন সম্পূর্ণ নিবিদ্ধ। ওখুমার গৃহস্থাসের ক্ষেত্রেই পরমাণু পরিমাণ
যৌনজীবনের অনুমোদন দেওয়া হয়েছে এবং তাও ওখুমার কৃষ্ণভক্ত
সন্ত্রান উৎপাদন করার জন্যই—ভোগের জনা নর।

এর অর্থ এই যে, থৌনজীবনকে সর্বএই নিরুৎসাহিত এবং নিন্দা করা হচ্চেং কারণ সেটাই আমাদের জীবনে অশেষ দুয়খের ভিত্তি এবং আমাদের জড় বন্ধন আর চুরাশি লক্ষ যোনি প্রমণের মূল কারণ, এবং সেটাই আমাদের অনস্ক কোটিবার জন্ম, মৃত্যু, জরা এবং ব্যাধির হেতু।

এই জড় জগতে যুবক-যুবতীদের মধ্যে প্রাকৃতিক নিয়মে যৌন কামনা থাকা খুবই স্বাভাবিক, কিন্তু যুক্তিবৃদ্ধি এবং সুগভীর দিবাজ্ঞানেব সাহাযো, শ্রীকৃঞ্জের কুপাশক্তিতে শক্তিমান হয়ে সেই যৌন আবেগকে নিয়ন্ত্রণের চেষ্টা সকলকেই করতে হবে। সমাজের সকল ভবে, সকল যুগে, সকল আশ্রম এবং সকল বর্ণের প্রত্যেকের ক্ষেত্রেই এই কথা श्रामाञा ।

ডবে একটা কথা সব সময়ে মনে রাখন্তে হবে যে, কোনও ব্রহ্মচারী যদি অনুভব করে যে, এই বিষয়ে তার পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে বা চলে বাচেছ, অর্থাৎ সে যদি উপস্থবেগ ধারণ করতে একেবারেই অঞ্চম হয়ে পড়ে, তখন তাকে অবশ্যই গৃহস্থ-আশ্রম বরণ করতে হবে। এমনকি, কোনও যুবক যদি ১৬/১৭ বছর বয়সেও তেমন অক্ষমতা বোধ করে, তা হলে তাকেও গৃহস্থ জীবনের শুরুত্বপূর্ণ দারিত্ব নিতে প্রস্তুত হতে হবে।

যে-সৈনিক সম্বাসমারে পরাজিত, তাকে অবলাই দুর্গের আশ্রর নিয়ে যুদ্ধ করতে হবে। এই কথা তথু ব্রন্সচারীর ক্ষেত্রেই প্রয়োক্স। কিন্তু কোনও অবস্থাতেই যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে শক্রর কাছে কণ্যতা খীকার করা চলতে না।

ব্রহ্মচারী, বানবাছী এবং সন্মাসীরা মায়ার বিরুদ্ধে সম্মুখসমরে নিযুক্ত রয়েছেন। তাঁদের মধ্যে ব্রহ্মচারীরাই গৃহস্থ-আত্রম বরণ করে বিবাহিতা পত্নীরূপ দুর্গকে আশ্রয় করে মায়ার বিরুদ্ধে যুদ্ধ করতে পারেন। বানগ্রন্থী কিংবা সম্মাসী কখনোই গৃহস্থ আশ্রমে ফিরে যেতে পারেন না। আর যারাই অবৈধ যৌনসঙ্গে লিগু হচ্ছে, তারাই পলাতক এবং পরান্ধিত। কোনও পরিস্থিতিতে এই পলায়নী মনোবৃত্তিকে প্রশ্রম্ব দেওয়া উচিত নয়।

গর্গমূদি নামে শ্রীল প্রভূপাদের এক শিষ্য প্রভূপাদকে পরিষ্কারভাবে জানিয়ে দিয়েছিলেন যে, যৌন সংযমের ক্ষেত্রে সম্মুখসমর তার পক্ষে খুরই কঠিন বলে মনে হচেছ। শ্রীল প্রতুপাদ ভংক্ষণাৎ ভার বিবাহের ন্তবস্থা করে দেন। তিনি এখন সন্ত্রীক বেশ আনন্দের সঙ্গেই ক্ষমভাবনামতের শ্রচার করে চলেছেন।

আদর্শ গৃহস্থ জীবন

কোনো ব্রস্কানরী ধর্বন যৌন জীবনের প্রতি প্রবল আসক্তি বোধ করে, তখন সেই সমস্যার সমাধান কিং সম্মুখ সমরে পরাজরের ভয়ে আত্ত্বিত বে সৈনিক, তার কর্তব্য কিং কোনও পরিস্থিতিতেই বৈক্ষব আচার্যগণ অবৈধ যৌনজীবনকে অনুমোদন করেননি। তা হলে সেই দুর্বল ব্রহ্মচারীর সেই সমস্যার সমাধান কেমন করে হবে?

এই প্রন্মের দৃটি উত্তর হতে পারে—(১) যেহেডু সে দুর্বল, তাকে প্রথমেই চেষ্টা করতে হবে বল সঞ্চয় করার। অবিরাম, আকুল গ্রাণে, নিরপরাধে হরেকৃষ্ণ মহামন্ত্র ত্বপ এবং কীর্তন করলে বল সঞ্চয় হবে। গুড়ুড়াবে প্রকা কীর্তনাদি নববিধা ডান্ডির অনুনীলন করদে বল সঞ্চয় হবে। তথ্য বৈঞ্চবদের সেবার মাধ্যমে সন্তুষ্ট করতে পারলে প্রভূত বল সঞ্চয় হবে। আকুল প্রালে মদনমোহন গ্রীকৃষ্ণের কাছে প্রার্থনা করতে হবে, "রে মদনমোহন, হে শ্রীকৃষ্ণ, দুর্বলতাবশত আমি জঘনা ব্যেনজীবনের প্রতি আসন্ড হক্তি। যদিও আমি যথাসাধ্য এই আসন্তির কবল থেকে মৃক্ত হওয়ার চেষ্টা করছি, আমার আধ্যাদ্বিক শক্তির অভাবৰুত আমি ব্যর্থ হচ্ছি। হে কৃপাসিদ্ধু, কৃপা করে তুমি আমাকে অতিরিক্ত চিশ্ময় শক্তি দাও। হে বলরাম, আমাকে কৃপা করে পরামার্থিক বল দাও, যেন আমি আর বার্থ না হই।"

মদনযোহন শ্রীকৃষ্ণ যদি তাঁর কৃপাশক্তির গন্ধমাত্রও দান করেন, মদনকে নিরন্ত্রণ করা তখন কন্মনাতীতভাবে সহজ হয়ে যাবে। তবে তার ন্ধন্য অনন্তপ্রকারে, অনন্তভাবে আকুল প্রার্থনা আমাদের করেই যেতে হবে। আর গুদ্ধ ভক্তদের কাছ থেকে যথাসম্ভব কৃষ্ণকথা প্রবণ করতে হবি। তদ্ধ তর্জনের লেখা গ্রন্থ পড়তে হবে। শ্রীল প্রভূপাদের রচিত গ্রন্থাবলী, বিশেষ করে তাঁর রচিত কৃষ্ণগ্রন্থে গোপীদের সঙ্গে শ্রীকৃষ্ণের রাসলীলার বর্ণনা পুনঃ পুনঃ পড়তে হবে। সবচেয়ে বেলি ওরুত্ব নিতে হবে ওদ্ধ বৈষ্ণবদের সেবা করার প্রতি। বৈষ্ণবদের এবং কৃষ্ণদেবায় এমনভাবে ব্যস্ত থাকতে হবে, মাগ্রা যাতে আক্রমণ করার এক নিমেষ সুযোগত না পায়।

(২) তাতেও যদি কাজ ন। হয়, তা হলে বৃঝতে হবে, হানয়ের ময়লা ইন্পাতের মতো শব্দ হয়ে গেছে। বৈক্ষব অপরাধ, ধাম অপরাধ, নাম অপরাধ—সব অপরাধই পাহাড়ের মতো সঞ্চিত হয়ে আছে। আরও সঞ্চিত হচ্ছে। সেই অবস্থায় পূর্বোন্ড প্রার্থনা ও প্রকা-কীর্তনাদি কৃষ্ণসেবা আরও তীব্রভাবে এবং নিরপরাধে চালিয়ে নেওয়ার চেন্টা করতেই হবে। পাশাপানি, সম্পূর্ণরূপে গৃহত্ব আশ্রমের দায়িত্ব নিডে প্রস্তুত হতে হবে।

আসলে যে বন্ধচারী কখনই তার বন্ধচর্য ব্রত ভঙ্গ করেনি, তার পক্ষে যৌনবাসনাকে উপেক্ষা করা অনেক সহজ্ঞ। যে যত বেনি করে সংযম পালন করবে, সংযম করার ক্ষমতাও তার ততওপ বাড়তে থাকবে। যে যত বেনি করে অসংযত হবে, তার সংযম করার ক্ষমতাও ততগুণ কমে যাবে। এই বিপদের কথা স্মরণে রেখে কঠোরভাবে সংযম করতে হবে।

যুবক-যুবতীদের অবাধ মেলামেশা, টেলিভিশ্ন, ভিডিও, চলচ্চিত্র

যৌন উদ্দীপক গ্রন্থাদি ব্রক্ষাচর্য জীবনের চরম শক্ত। বর্তমান যুগে এইসব আবর্জনার প্রভাব সর্বব্র। যথাসপ্তব এই সবের আক্রমণ থেকে আদ্মরক্ষা করতে হবে। তাবে সবচেয়ে বড় কথা হল, ব্রক্ষাচারী যদি বেচ্ছায়, তার যৌনবাসনাকে নিয়ন্ত্রণ না করে, তা হলে তার পতন অনিবার্য। পরিস্থিতি তাকে সাহায্য করবে না।

কি ব্রহ্মচারী, কি গৃহস্থ—যদি সে কৃষ্ণভাবনামৃতের অনুশীলনে বাষষ্ট শন্তি অর্জন করতে পারে, তা হলে যে-কোনো পরিমাণ যৌন বেগই তাকে আর অস্থির করতে পারবে না। উপস্থবেগ যদি তাকে আক্রমণও করে—তা আসবে এবং চলে যাবে। শুদ্ধ সেবার মাধ্যমে মদনমোহন আর বৈক্ষবদের মুখে হাসি ফোটাতে পারলে মদন তথা ভামদেব অবশ্যই প্রাভৃত হবে। এই হল মুদ্ধ জয়ের একমার অব্যর্থ কৌশল।

পেট্রান দিয়ে আগুন নেভানো

এই দেহবদ্ধ জীবনে আমাদের স্বচেয়ে বড় শক্র যৌনকামনা। বিশ্ব শ্রীকৃষ্ণ যেহেড় সর্বলন্ডিমান, ভাই তা আমাদের সঙ্গে শক্রতা করতে পারবে না যদি আমনা শক্তভাবে শ্রীকৃষ্ণের চরণকে আশ্রম করি।

অবশ্য কোনো ব্রহ্মচারী যদি বিবাহ করতে ইচ্ছুক হয়, তাহলে সে গৃহত্ব আশ্রম বরণ করতে পারে। কিন্তু কোনো দায়িত্বআনহীন ব্যক্তি বদি মনে করে যে, বিবাহের মাধামে সে তার যৌন কামনাকে দমন করবে, তবে তার সেই আশা অবান্তব। আর স্ত্রী কখনই পুরুষের কামবাসনা পরিতৃপ্ত করার যন্ত্র নাং।

বিবাহবন্ধনকৈ এক পরম পবিত্র বন্ধন বলে গ্রহণ করতে হবে। যারা কামবাদনাকে দমন করার উদ্দেশ্য নিয়ে বিবাহ করে, তাদের অন্ধ ভূপ। কাম উপভোগের মাধ্যমে কথনই কামকে দমন করা যায় না। পেট্রোল দিয়ে কি আওন নেভানো যায়? অভিরিক্ত কাম উপভোগকে আওনের মধ্যে অভিরিক্ত পেট্রোল ঢালার সঙ্গে ভূলনা করা যেতে পারে।

শ্রীন প্রত্পাদ বলেছেন যে, কামকে দমন করতে হলে আমাদেরকে বিশেষত বিগ্রহ অর্চনের পদ্ম অবলম্বন করতে হবে। নববিধা ভক্তির মধ্যে বিশেষ করে অতি প্রেমসহকারে ভগবান শ্রীকৃষ্ণ তথা মদনমোহন

আদর্শ গৃহস্থ জীবন

এবং মদনমোহন-মোহনীর (শ্রীরাধা) শ্রীবিশ্রহের অর্চন করতে হবে।
বিশ্রহকে নিয়মিত বিধিমতে স্নান করানো, সাজানো (শৃসার), ভোগ
নিবেদন এবং শরন ইত্যাদি নানা সেবার মাধ্যমে শ্রীবিশ্রহের হাতি
শ্রামাদের শ্রেমকে গাঢ় করে তুলতে হবে। সঙ্গে সংস্ক কৃষ্ণকথা শ্রকণ
কীর্তনও নিয়মিত করতে হবে। তাহলে শুব শীদ্রাই ভগবান শ্রীকৃষ্ণের
গাদগায়ের গন্ধ আস্বাদন করা সন্তব।

পরমহংস গৃহস্থ

কৃষ্ণপাদপদ্মগন্ধ হৈই জন পায়। ব্ৰহ্মদোক আদি সুখ তাবে নাহি ভার॥

যিনি পরমপ্রব ভগধান শ্রীকৃষ্ণের পাদপথগছ লাভ করেছেন, ব্রহ্মলোকের দৃষ্ণাপা সুখও তার কাছে বিববং, ব্রহ্মসূখ নরকের মড়ো, আর বৌনস্থ তো পচা মলমূত্র ছাড়া কিছুই নয়।

শ্রীকৃষ্ণ থেহেত্ সর্বশক্তিমান, জগতের সবচেয়ে শক্তিশালী অসুরেরাও তার কাছে খেলার পুতুক মান্ত। তাই Mr Lust অর্থাৎ শ্রীযুক্ত মদনবাবু (শ্রীনধাসনা) কিংবা তার বাবা, কিংবা তার ঠাকুরদা যত বড় শক্তিশালী অসুরই হোক না কেন, শ্রীকৃক্তের পাদপদ্বগদ্ধ লাভ করেছেন যে ভক্ত, তাঁকে চুল পরিমাণ বিচলিত করার শক্তিও তার নেই।

তাঁই, একমাত্র কৃষ্ণভাবনামৃত দিয়েই মদনবাবুকে থারেল করতে হবে, ভোগের পেট্রোল দিয়ে নয়। তা হলে বিবাহ কি নিবিদ্ধ? না, তাও নয়।

সাধারণত মেয়েরা ভাল স্বামী, ভাল গৃহ, সম্বান-সম্ভতি আক্ষপ্তকা করে। এটা তাদের স্বাভাবিক প্রবদতা। তাই কোনো প্রক্ষচারী ভক্ত ধদি নৈষ্ঠিক ব্রস্কার্য পালনে অক্ষমতা বোধ করেন, ভাহলে শাস্ত্রদক্ষতভাবে পৃহস্থ আশ্রম বরণ করে স্থামী-ব্রী উভয়ে মিলেই কৃষ্ণভাবনা প্রচার করতে পারেন এবং কৃষ্ণভক্ত সন্তান উৎপদ্ধ করতে পারেন। তাঁদের সংযক্ত জীবন সমাজের অসংখ্য ভণ্ড গৃহস্থ তথা গৃহমেধীদের কাছে এক শিক্ষামূলক দৃষ্টান্ত হয়ে থাকবে।

গৃহস্থ আশ্রমের সৃউচ্চ দৃষ্টান্ত স্থাপন করাই বিবাহের উদ্দেশ্য। তাই
গৃহস্থকে ক্রমে ক্রমে পরমহলে গৃহস্থে পরিণত হতে হবে। যিনি
পরমহলে গৃহস্থ, তিনি ভতিরসামৃত আরাদন করে পাগল হয়েছেন, তাই
ক্রীর সঙ্গে থাকলেও তিনি স্থাভাবিকভাবেই অবিচলিত। কারণ তার
বৈরাণ্য কর্মই বন্ধ বৈরাণ্য নয়। তবে দিবা আনন্দ আরাদন না করে,
পরমহলে গৃহস্থের অভিনয় করাও উচিত নয়। প্রতিটি গৃহস্থেরই পরম
কর্তব্য হল যত লীত্র সন্তব সেই পরমহলে স্তরে উরীত হওয়া।

বিবাহের বয়স

বিবাহের মাধ্যমে গৃহত্ আশ্রমকে বরণ করাই কামকে দমন করার পত্না নয়। তা যদি হত, ভাহতে প্রতিটি বিবাহিত মানুবই এক-একজন মহাপুরুব হয়ে যেতেন।

১৬ থেকে ২৫ বছর বরসের মধ্যেই Mr. Lust বা মদনবাবুর জ্বালাতন সবচেয়ে বেশি হয়। সবচেয়ে বড় ধার্টা যিনি কাটিয়ে উঠেছেন, তাঁর পক্ষে বিবাহ না-করাই বৃদ্ধিমানের কাজ। ৩০ বছর্ ব্য়সের পর থেকেই শরীরে ভাটা নামতে থাকে। বোকা লোকেরা গলার জ্যোরে সেই ভাটাকে অধীকার করে তরতালা যুবক-যুবতীদের অনুকরণ করার চেষ্টা করে। এইভাবে সেই ভাটাকে তারা তথ্ আরও ত্রাধিতই করতে পারে।

এই ভাটাকে যারাই অস্বীকার করবে, দুরারোগা বাাধি তাদের অনিবার্য। কিছু কিছু প্রতারক মোটা টাকার লোভে ওবুধপত্র দিয়ে সেই জাঁটাকে রোধ করার মিথা। প্রতিশ্রুতি দান করে। কিন্তু যাঁরা হৃতারিত হুতে চান না, তাঁরা জানেন, ৩০ বছর বয়সের পর জোমারের কোনো প্রশ্নই ওঠে না। তখন থেকে যে ভাটা ওক হবে, মৃত্যুই তার পূর্ণচেছন। এ ছাড়া ৩০ বছর বয়সের পর বিশাহিত ব্যক্তি যথাসময়ে বানপ্রস্থ বা সদ্যাস নিত্তেও অক্ষম হবেন এবং তাঁকে বহু বান্তব সমস্যার সম্মুখীন হতে হবে।

যাঁরা দু'টানায় আছেন

প্রয়োজনে অকম ব্রহ্মচারী এমনকি ১৬-১৭ বছর ব্যুদেও বিবাহ করতে পারে। যিনি দুটানায় আছেন, তাঁকে তাঁর ২৫ বছর ব্যুদের মধ্যেই যে-কোনো একটা সিদ্ধান্ত নিতে হবে। যাঁরা দুটানায় আছেন, তাঁকের প্রথম কর্তব্য হল ভাল দিকটায় মনোনিকেশ করা। অর্থাৎ মদনমোহন মাহিনী শ্রীফটা রাধারানীর শ্রীবিগ্রহ অর্চনের মাধ্যমে, কৃষ্ণকথা প্রবণ কীর্তন, আকুল শ্রমণ প্রাথনা—ইত্যাদি চিম্ময় পদ্মর মাধ্যমে মধন রিপুকে দমন করার চেন্টা করতে হবে। যখনই মনের মধ্যে কামচিন্তা জাগ্রত হন্ত্যার পূর্বাভাস নজবে আসবে, মদনমোহন শ্রীকৃষ্ণের কাছে আকুল প্রাণে প্রর্থনা করতে হবে। নিঃসন্দেহে তিনি তৎক্ষণাৎ সাহায্য করকেন। তথু পূর্বাভাসের জনাও অপেক্ষা করা ঠিক নয়। সব সময়ই আমাদের প্রর্থনা চালিরে যেতে হবে। সর্বদাই নববিধা ভক্তির অনুশীলন করতে হবে।

সব কাকই প্রথমদিকে কঠিন বলে মনে হয়। প্রথম দিকে জার করেই ইন্তিয়কে দমন করতে হবে। জার করেই ওব্ধ গ্রহণ করতে হবে। জার করেই ওব্ধ গ্রহণ করতে হবে। জার করে ইন্তিয়কে, বিশেষ করে কমে বাসনাকে নিয়ন্ত্রণ না করলে প্রকা কীর্তনেও স্বাদ পাব না। যদি স্তিঃ স্তিটিই আমরা কৃষ্ণভাবনার করনাতীত অমৃত-আম্বাদন লাভ করতে চাই, প্রথম দিকে জার করেই আমাদের চারটি নিয়ম পালন করতে হবে। তাহলেই ক্রমে ক্রমে দিবা রসের আম্বাদন হবে। আর দিবা রসের আম্বাদন হলে মদন রিপু Mr. Lust-কে হত্যা করা বৃবই সহজ।

অকশ্য চিরকালই আমাদের সতর্ক থাকতে হবে। কেননা রাজপথেও পূর্বটনা ঘটে। কি ক্রকাচারী, কি গৃহত্ব, মদনবাবুকে পরাভূত করার এই একটাই পহা। ভক্তিযোগরূপ চিমায় পহাকে অবসম্বন না করলে বিবাহরূপ জড় পহার কোনও দিনও মদনবাবুকে পরাভূত করা যাবে না।

গৃহস্থের স্বাধীনতা

কোনো বাজি বখন সমন্ত বন্ধন থেকে মুক্ত হন, তখন তিনি বাধীনভাবে কৃষ্ণভাবনামৃতের প্রচার করতে সক্ষম। থেমন একজন সম্যাসীর কোনো গারিবারিক বন্ধন নেই, তাই তিনি অতি সহজেই পৃথিবীর সর্বত্র বিচরণ করে কৃষ্ণভাবনামৃতের প্রচার করতে পারেন। কোনও গৃহত্বের পক্ষে কি সেই রকম স্বাধীনতা লাভ করা সম্ভবং

থী যদি উন্নত ভক্ত হন, তাহলে তাঁকে বন্ধন বলে গণ্য করা ভূল।
বাদী এবং খ্রী—দুজনেই থখন কৃষ্ণভাবনামৃতে উন্নতি লাভ করেন,
তখন তাঁরাও লালাসীর মতোই দাধীনভাবে সমগ্র বিশ্বে
কৃষ্ণভাবনামৃতের প্রচার করতে সক্ষম। ইসকনের ইতিহাস পর্যালোচনা
করলে দেখা যায় যে, ইসকনের জন্মলগ্ন থেকে গুলু করে আজ্র পর্যন্ত
অসংখ্য গৃহত্ব ভক্ত সমস্ত বিশ্ব জুড়ে প্রচার করে চলেছেন। খ্রীল প্রভূপাদ

ভার গৃহস্থ শিষ্যদেরও দেশ-দেশান্তরে গাঠিরেছেন নতুন মন্দির স্থাপন করার জন্য। যেমন, লন্ডনে মন্দির স্থাপনের উদ্দেশ্যে আমেরিকা থেকে যে ভক্তকে শ্রীল প্রভূপাদ দেখানে পাঠিয়েছিলেন, তাঁরা সকলেই ছিলেন গৃহস্থ। বহ মন্দিরে বহ গৃহস্থ ভক্ত মন্দির অধ্যক্ষরণে, এমনকি জি.বি.সি. এবং ওমারাপেও কৃষ্ণভাবনাম্তের প্রভার করে চলেছেন এবং এই ব্যাপারে তাঁদের সাফলাও অভ্তপূর্ব এবং ভুলনাবিহীন। সূত্রাং যে গৃহস্থের চেতনা বছনমুক্ত, সেই ধরনের উল্লভ

তবে কোনও পরিবারে যদি দেখা যায় যে, সেখনে সামী ভক্ত
হলেও ব্রী বা সন্তানেরা ভক্ত নয়, কিংবা তার বিপরীত, সেকেরেও ওছ
কৃষ্ণভক্তের স্বাধীনতা অকুশ্ব থাকতে পারে।

কানো বন্ধনই কৃষ্ণভক্তিকে তথা কৃষ্ণভক্তকে প্রতিহত করতে পারে
না। তথে স্বাধীনতার নাম করে পারিবারিক দায়িত্বকে অধীকার করাও
গৃহস্থের অন্যায়। একজন উন্নত কৃষ্ণভক্ত পৃহস্থ তাঁর পারিবারিক দারিছ
পালন করেও অপ্রতিহত শতিতে কৃষ্ণভক্তাবনাময় স্বাধীনতা আসাদন
পারেন। তথে এটা কেবল দক্ষ বৈষ্ণবের পক্ষেই সম্বব
কৃষ্ণভাবনাম যারা দুর্বল, তাদের পক্ষে নয়।

অবাঞ্ছিত হতাশা

যতদিন আমরা এই জড়জগতে জড়দেহের বন্ধনে আবদ্ধ, তব্ধ ভক্ত না হওয়া পর্যন্ত কম-বেশি মৌনকামনা আমাদের মধ্যে জাগ্রত হবেই। এই জড়জগতে এটা খুন একটা অখ্যভাবিক কিছু নর। সুভরাং মৌনকামনা আছে বলেই আমাদের হতাশ হওয়া উচিত নর। আমরা যেন মিছামিছি অভিরিক্ত হতাশ হয়ে কোনো অবস্থাতেই শ্রবশ-কীর্তন বন্ধ না করি। অভ্যু ব্যক্তির কাজই হল জ্বালাতন করা। Mr. Lust বা মদনবার তেমনি এক মহা অভ্যু ব্যক্তি। তাঁর কাজই হল জ্বালাতন করা। কিন্তু ভদ্রলোক সমস্ত স্থালাতনের মধ্যেও তাঁর কর্তব্যকর্মে অটল থাকেন।

এই মনুষ্য জ্বে আমাদের সবচেয়ে বড় কর্ডব্য হল কৃষ্ণকথা প্রবণ-কীর্ডনরূপ নববিধা ভক্তির তীব্র অনুশীলন করা (তীরেণ ভক্তিযোগেন)। অবশ্য অনিচ্ছা সন্ত্বেও যদি মাঝে মধ্যে যৌনকামনা ব্রবল হয়ে ওঠে, ভার জন্য নিশ্চরই আন্তরিকভাবে দুর্নখিত হতে হবে।

তবে তদ্ধ ভক্ত না হওয়া পর্যন্ত কম বেশি যৌনকামনা যখন থাকবেই, তা নিয়ে অষথা হা-হতাল করাও কৃষ্ণচিন্তার প্রতিবন্ধক হতে পারে।

দেহবন্ধ অবহার বৌশকামনা কোনও চিরস্থায়ী অযোগ্যতা নর। অবশ্য সর্বদাই আমাদের চেষ্টা করতে হবে যাতে যৌনবিবয়ক কৃমিম সূধে আমরা উৎসাহী না হই।

সেইজনাই শ্রীকৃষ্ণের আলা দৃঢ়ভাবে আঁকড়ে ধরতে হবে। হরিদাস ঠাকুরের মতো মহান ভক্ত, যিনি রাত্রিকেলার নির্মানে স্বরং মায়াদেবীর প্রলোভনের সামনেও ধীর ছিলেন, তাঁর কৃণা ভিক্ষা করতে হবে।

অনেকের কেত্রে বিবাহও ধর্ষেষ্ট সৃথল দান করে। প্রত্যেকেরই কিছু না কিছু বদ অভ্যাস থাকতে পারে। কিছু ডাঙে নিরুৎসাহিত না হয়ে, অযথা হা হতাশ করে সময় নউ না করে, গৃহস্থ আশ্রম বরণ করে ভীব্রভাবে নববিধা ভক্তির অনুশীলন করাই এই সমস্যার সমাধান।

অবশ্য ধারা সক্ষম, তারা নৈষ্টিক ব্রন্ধচারী থেকেই নববিধা ভণ্ডির অনুশীলন করবেন। তারা উন্তম। কার্যক্ষেত্রে নিষ্ঠাবান গৃহস্থও সেরকম উন্তম হতে পারেন। উচ্চশ্বরে, একাগ্র চিন্তে সংখ্যানাম জ্বপ করতে হবে। প্রবল, বীর্তন, বিগ্রহ অর্চন যত নিষ্ঠাযুক্ত হবে, ততই আমরা সেই অভদ্র যাক্তিটির জ্বালাতন খেকে ক্রমে ক্রমে মৃক্ত হব।

আন্তর্ন, ক্র—ব

দৃষ্টান্ত স্থাপন

গৃহস্থ জীবনের একটি শুরুত্বপূর্ণ দায়িত্ব হল আদর্শ গৃহস্থ জীবনের দৃষ্টান্ত স্থাপন করা। জগতের অসংখ্য নারী-পূরুব উচ্ছৃত্বলভাবে গৃহমেধী জীবন খাপন করছে। তার ফলস্বরূপ ভাদের জীবন হয়ে উঠেছে কৃষ্ণচেতনাবিহীন এবং বিষম্য়।

কোন শুদ্ধ কৃত্যুভক্ত যখন বিবাহিত জীবনে থেকেও শান্তিপূর্ণভাবে এবং সূত্রভাবে জীবন যাপন করেন, তখন তা বিদ্ধ পার্গমারপ গৃহমেধীদের কাছে এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করে এবং তা সকলকেই অনুপ্রাণিত করে।

সেই সমন্ত কৃষ্ণভন্ত গৃহস্থেরা যথাসন্তব কৃষ্ণভন্ত সন্তান উৎপাদন করে তাসের কৃষ্ণভন্তিমূলক শিক্ষার সুশিক্ষিত করে তুলতে পারেন। সমান্তে অবাঞ্চিত আসুরিক কুশিক্ষা প্রাপ্ত মানুবের সংখ্যা মান্তা ছাড়িয়ে গোছে। সমান্তকে এনের মারাথাক প্রভাব থেকে বাঁচাতে হলে প্রচুর সংখ্যক তদ্ধ কৃষ্ণভন্তের প্রয়োজন। কৃষ্ণভন্ত গৃহস্থেরা দায়িত্ব সহক্ষারে যত বেশি কৃষ্ণভন্ত সন্তান উৎপাদন করবেন এবং তাদের সেই শিক্ষার শিক্ষিত করবেন, জগংবাসীও ততই বুলতে পারবেন যে, কৃষ্ণভাবনার ভাবিত সন্তানেরা কতো চমংকারভাবে বিকশিত হতে পারে।

কর্মীরা দাশ্পত্যজীবনে অহরহ ঝগড়াঝাটি, বিবাহ-বিচছদ, স্ক্রী-হতা। এবং অগানিত অশান্তিমূলক দৃষ্টান্ত স্থাপন করছে। কৃষ্ণভক্ত গৃহস্থেরা তার বিপরীত আদর্শ দৃষ্টান্ত স্থাপন করবেন। তাহলেই এই গৃহস্থ আশ্রম হয়ে উঠবে সার্থক।

ব্রহ্মচর্য পালনের পক্ষে গৃহত্ব আশ্রম অনুকূপ না হতে পারে। ব্রহ্মচর্য আশ্রমে থেকে ব্রহ্মচর্য পালন করা নিঃসন্দেহে শ্রেয়। কিন্তু যিনি গৃহত্ব আশ্রমে থেকেও, একজন সুন্দরী, প্রিরভাষিণী এবং অনুগতা স্ত্রীর উপস্থিতি সন্তেও ব্রহ্মচর্য পালন করতে সক্ষম, তিনি ব্রহ্মচারীর থেকেও উল্লভ স্তরে অবস্থান করছেন। এ ছাড়া দিনি পরস্ত্রী-সঙ্গ করেন না, মিনি ওধুমাত্র যোগা কৃষ্ণভক্ত সন্তান কামনায় দায়িত্বজ্ঞান-সহ তাঁর নিজের ন্ত্রীর সঙ্গ করেন, শান্ত্রীয় কিচারে তিনিও প্রকাসরী বলে পরিগণিত হন। এইরূপ গৃহস্থ প্রদাসরীর দৃষ্টান্ত স্থাপন করাই প্রকৃত গৃহস্থ আশ্রমীদের কর্তবা।

গৃহমেধী জীবনের পরিণতি

গৃহত্ব আত্রম ততক্ষণই আত্রম, যতকণ সেই আত্রমের সদস্যরা কৈদিক নির্দেশ পালন করে চলেন। ত্রীল ভড়িবিনোদ ঠাকুর বলেছেন, কুমোর সংসার কর ছাড়ি অনাচার ॥

যেখানে অনাচার, সেখানে আর আশ্রমিক পরিবেশ থাকে না।
তথনই সেই তথাকথিত গৃহত্ব জীবন গৃহমেধী জীবনে পর্যবসিত হয়।
বিনি নিম্নপটভাবে যথার্থ গৃহত্ব জীবন-যাপনে ইচ্ছুক, তাঁকে এই গৃহমেধী
জীবন সম্বন্ধে সতর্ক হতে হবে। গৃহত্বরা ফাতে গৃহমেধী জীবনধারা
সম্বন্ধে সতর্ক হতে পারে, সেজন্য শালে গৃহমেধীদেরও নিপুঁত বর্ণনা
লাওয়া যায়। এ সম্পর্কে গ্রন্থরাজ শ্রীমন্তাগবতে শ্রীল ওকদেব গোস্বামী
অত্যন্ত চমংকারভাবে গৃহমেধীদের বর্ণনা করেছেন:

শ্রোতবাদীনি রাজেন্স নৃগাং সন্তি সহস্পঃ। অপশ্যতাম্ আয়তত্ত্বং গৃহের গৃহমেধিনাম্॥ (ভাগরত ২/১/২)

বারা গৃহমেদী, তারাও শ্রবণ করে। তবে তারা কখনো কৃষ্ণকথা শ্রবণ করতে চার নং। তা বলে তাদের শ্রবণ করার বিষয়বস্তর কোনই অভাব হয় না। হাজার হাজার গ্রাম্য কথা বলেও তাদের যেন কথা আর শেষ হয় না। এসব গ্রাম্য কথাকে শান্ত্রীয় পরিভাষায় প্রজন্ম বলা হয়। গৃহমেধীদের কাছে এইসব প্রজন্ম বা গ্রাম্যকথা অভান্ত মুখরোচক বোধ হয়। কে কোন্ দিন কী বেয়েছে, কার স্ত্রী কী রালা করেছে ইত্যাদি ইত্যাদি। আবার জড়জাগতিক সিনেমা, রাজনীতি, অর্থনীতি-বিজ্ঞান— এসব বিষয়ে কথা বলাও প্রজন্ধ। এক কথায় কৃষ্ণকথা ছাড়া অন্য সব কথাই, ডা সে যতই মূখরোচক হোক না কেন, সবই প্রজন্ধ।

এই প্রজন্মের উৎস কি? সে সম্বন্ধে উপরোক্ত শ্রোকে বলা হল, অপশ্যতাম্ আত্মতত্ত্বম্' অর্থাৎ গৃহমেধীরা যেহেত্ আত্মতত্ত্ব উপলব্ধি করতে পারেনি, তাই গ্রাম্য কথায় তাদের এত আহ্রাদ। গ্রাম্য কথা বলে এবং শুনে, অট্টহাসি করে তারা মথ থাকে বিষয় সূথে।

কিন্তু এই দূর্গভ মনুষ্য জীবনের অমূল্য সময় মুহুর্তের মধ্যে ফুরিয়ে যায়। কারণ, সময়ের গতি বড়ই তীব্র আর অপ্রতিরোধ্য—'গভীর রংহসা'। আর এই সুতীব্র গতিশীল সময় অতিক্রাপ্ত হয় সম্পূর্ণ নিঃশব্দে এবং অদৃশ্য চোরের মতো। এইভাবে মারার ভজনা করতে করতে গৃহমেধীরা মুহুর্তের মধ্যে ফতুর হয়ে যায়।

কিন্তু সেই অবহাটা বৃথতে না বৃথতেই সময় তার ভরতর রাপ প্রকাশ করে। সময়েয় সেই ভয়ত্বর রূপকেই বলা হয় মৃত্যু বা ফালরগ—যা নাজিকতার বারা প্রভাবিত ব্যক্তিদের কাছে জনসীকার্য ভগবান। গৃহমেধীদের মধ্যে এই নাজিক-ভাবেরই প্রধান্য। তাই, যদিও তারা আত্মতত্ত্ব দর্শন করতে বাধ্য নয়, কিন্তু গৃহমেধীদের কলনারও অতীত, ভগবানের এই মহা ভয়ত্বর, সর্বগ্রাসী মৃত্যুরূপ তথা কালরূপ গর্শন করতে তারা বাধ্য।

গৃহস্তের অর্থনীতি

গৃহস্থকে যথাসম্ভব বেশি পরিমাণে অর্থ উপার্জন করতে হবে। ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে, কৃষি-গোপালনের মাধ্যমে শরেসম্বত বিভিন্ন পস্থায় তিনি সংভাবে অর্থ উপার্জন করবেন। শ্রীল প্রভূপাদ তার অনেক শিষ্যকে কোটিপতি হতে উৎসাহিত করেছেন। প্রশ্ন হল, কৃষ্ণভাবনার পছা যেখানে সরল জীবন উচ্চভাবনা, সেশানে শ্রীল প্রভূপাদের মতো একজন শুদ্ধ ভক্ত কেন ওঁরে গৃহস্থ শিষ্যদের কোটিপতি হতে উৎসাহিত করছেন? তার উন্তরও তিনি দিরছেন। গৃহস্থ তার উপার্জিত অর্থের ৫০% কৃষ্ণভাবনামৃত প্রচারের জন্ম, শ্রীকৃষ্ণের মন্দির নির্মাণের জন্য তথা কৃষ্ণসেবার জন্য দান করবেন। অর্থশিষ্ট ৫০%-এর মধ্যে ২৫% তিনি ভবিষ্যতের জন্য সঞ্চয় করবেন এবং বাকি ২৫%-এর সাহায্যে সংসারের দৈনন্দিন ব্যয়ভার বহন করবেন।

কোনও পৃহত্ব হয়তো ভারতে পারেন, 'ঠিক আছে, আমি ৫০% শ্রীকৃষ্ণের জন্য ব্যয় করব, তবে আমার নিজের বাড়িতেই আমি কৃষ্ণের জন্য ফ্রিজ কিনব, মন্দির করব, মঠে মন্দিরে দান করার কোনো দরকার নেই'।

গুরক্ষ ভাবনার আখ্যপ্রতারণার সভাবনা রয়েছে: নিজের বাড়িতে কৃঞ্চলেবার দোহাই দিয়ে প্রকারান্তরে সমস্ত টাকাই কৃটুযভরণে ব্যা করা উচিত নয়। বরং কৃঞ্চভাবনামৃত প্রচারে নিযুক্ত গুরুমহারাজকে কিংবা পরস্পরাভূক্ত কোন ওছ ভক্তকে সেই অর্থ দান করুন, কেননা তিনি সেই টাকাটা তথু কৃক্তের জন্যই আরও নিখুতভাবে সেবায় লাগাবেন। পাশাপাশি কৃটুয় ভরণের জন্য নির্ধারিত ২৫% টাকাটা দিয়ে আপনার ঘরেও শ্রীকৃষ্ণসেবা করতে পারেন।

এখন বশ্ব হল, যে সমন্ত গৃহস্থরা সব সময় কৃষ্ণভাবনামৃত সংযের মন্দিরে থেকে কৃষ্ণসেবা করছেন, তাঁরা তো ব্যবসা-বাণিজ্য করার পর্যাপ্ত সময় পাবেন না। তাঁলের পক্ষে প্রচুর ভর্ম উনার্জন করে, মন্দিরকে দান করা তো অনেক সময় সম্ভব হয় না, বরং তাঁদের ভরদ পোষদের জন্যও মন্দিরের মুখাপেক্ষী হয়ে থাকতে হয়।

এই ঝাপারে শ্রীল প্রভূপাদের নির্দেশ হল, মঠবাসী গৃহক্ত্রো যাঁরা সবসময় কৃষ্ণদেবায় নিযুক্ত, তাঁরা যেন যথাসম্ভব অক্সে সম্ভন্ত থাকেন। শুরুদেব বা তাঁর প্রতিনিধিগণ দেখেন যে, মঠকাসী গৃহছেরা ধেন মন্দিরের অর্থে বিদাসকলে জীবন যাপন না করেন। পাশাপালি গৃহছের বাস্তবিক প্রয়োজনকেও তাঁরা উপেক্ষা করেন না। তাই মঠবাসী গৃহস্থগণের কর্তব্য হল কর্তৃপক্ষের বিবেচনায় শ্রদ্ধা রেখে অজেই সম্ভন্ত থাকা। অবশ্য যে সমস্ত গৃহস্থ পর্মহংস শুরে উল্লীত হয়েছেন, সর্বদাই তাঁরা শ্রীকৃষ্ণের উপর নির্ভর করে থাকেন।

পত্নী নিৰ্বাচন

ভগবান শ্রীরামচন্দ্র একবার বঙ্গেছিলেন—দেশে দেশে কনদ্রানি— অর্থাৎ সব দেশেই স্ত্রী পাওয়া যায়। অথচ কার্যক্রেন্তে রামচন্দ্র ওধুমাত্র সীতাদেবীকেই পত্নীরপে গ্রহণ করেছিলেন।

একজন যোগ্য পুরুষের কথনও পত্নীর অভাব হয় না। তিনি আমেরিকাতেই খান আর চীনেই যান, যে কোনো দেশেই তিনি বিবাহ করতে পারেন। কিন্তু সমস্যা হল, নষ্ট পত্নী কিংবা ভোগাসক পত্নী সংসার জীবনে সর্বদাই আগুন জ্বালিয়ে রাখে।

বহ পূরুব নারীর দৈহিক সৌন্দর্যে আকৃষ্ট হরে মৃহুর্তের মধ্যে পদ্ধী নির্বাচন করেন এবং তার ফলস্বরূপ সারা জীবন জ্বলেপুড়ে মরেন। স্তরাং দেশে দেশে শ্রী পাওয়া গেলেও বৃদ্ধিমান পূরুব কখনও স্বার্থপর এবং ভোগাসস্ত কোনও পদ্ধীকে গ্রহণ করেন না।

এই স্কগতে সর্বোত্তম পত্নী হলেন তিনিই যিনি ওছ কৃষ্ণতন্ত। অবশা সেরকম পত্নী লাভ করতে হলে স্বামীকেও ওছ কৃষ্ণতন্ত হতে হবে। যিনি কোনও উন্নত কৃষ্ণতন্ত দ্রীকে বিবাহ করেন, তিনি অভ্যন্ত আনশে সংসারজীবন যাপন করতে পারেন। সেরকম পত্নী একজনই যথেষ্ট।

অপর পক্ষে, ভোগাসক্ত বহ পত্নী স্বামীর জীবনে তথু নারকীয় যন্ত্রণাই সৃষ্টি করতে পারে। বছবিবাহ যদিও শান্ত্রসম্মত, যিনি কৃষ্ণভক্তি অনুশীলনে নিষ্ঠাবান, তিনি কৃষ্ণভক্তিপরায়গা এক পত্নী নিয়েই সম্ভট। পত্নীর বয়স স্বামীর থেকে অবস্থাই কম হবে। ন্ত্রী তাঁর স্বামী থেকে বয়সে ১০ বছর ছোট হলেও চলে, তবে তার বেশি যেন না হয়।

যে খ্রী কৃষ্ণভক্ত, অনানা গুণাবলী তাঁর মধ্যে স্বতশূর্তভাবেই জাগ্রত হবে। স্বামী এবং খ্রীর মধ্যে স্বভাবগত সামপ্রস্য বাস্থ্নীয়। এজন্য যথার্বভাবে কৃষ্টি বিচার করারও প্রয়োজন রমেছে।

গ্রামা সেহাসন্তির বশবতী প্রদ্বেরা বেশির ভাগ ক্ষেত্রেই পত্নী নির্বাচনে ভূল করে। সেক্ষেত্রে শুভাকান্ডকী গুরুজনেরা, যদি তাঁরা কৃষ্ণভক্ত হয়ে থাকেন, তাহলে তাঁরাই, বিশেষত পিতামাতা তাঁদের পুত্রের উপযুক্ত পত্নী নির্বাচন করে দিতে পারেন। শ্রীর পক্ষে স্বামী নির্বাচনেও একই কথা প্রযোজা।

নিত্য গাহস্থা

আমানের শ্রীকৃষ্ণও এক পরম মহান গৃহত্বের ভূমিকায় লীলাবিলান করছেন। শ্রীকৃষ্ণ কখনই নিঃসম ভিকৃক নন। আর আমানের জীবনেরও উচ্চাকাকলা হল শ্রীকৃষ্ণের সেই চিম্মা গৃহস্থ জীবনে প্রবেশ করে ব্যক্তিগঙভাবে তার সম লাভ করা। একমাত্র তম ডাজেরাই শ্রীকৃষ্ণের সেই নিতা পরিবার জীবনে প্রবেশ করার অধিকার পান। কৃষ্ণের পরিবারে অংশ নিতে ইচ্ছুক ভক্ত এই জগতের গৃহস্বই হোন আর সন্মানীই হোন—শৃক্তনকেই সমানভাবে তম্ব হতে হবে।

এই জগতে, তাকের অবস্থা অনুসারে শ্রীকৃষ্ণ কথনও কখনও কাউকে গৃহস্থ হওরার সুযোগ দেন, আবার কাউকে গৃহস্থ হতে বাধাও দেন। তিনি জানেন, কোন্ আশ্রম কার উপযুক্ত। তাই গৃহস্থ হতে অভিলাধী ভক্ত যদি বাধাপ্রাপ্ত হন, তা হলে সেটাকে শ্রীকৃষ্ণের কৃপা বলেই গ্রহণ করতে হবে। ভাবতে হবে, 'হয়তো শ্রীকৃষ্ণ চান, আমি যেন ব্রক্টারী হয়েই থাকি।'

তবে থিনি মনের মধ্যে উত্তেজনা বোধ করছেন, তার বিবাহ করাই বান্ধনীয়। আবার সেই উত্তেজনার মাত্রা থেহেতু সম্পূর্ণ ব্যক্তিগত ব্যাপার, প্রত্যেক ভক্তকে তাই স্বতন্ত্রভাবেই বিবাহ করা বা না-করার সিদ্ধান্ত নিতে হবে। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের পরামর্শ অনুসারে, এই কলিযুগে অধিকাংশ ব্যক্তির পক্ষেই গৃহত্ব আশ্রম অবলয়ন করে কৃষ্ণভাবনামৃতের অনুশীলন করাই শ্রেয়। তবে ব্যক্তিগত বৈষম্য অনুসারে কোনও কোনও ভক্ত নৈষ্ঠিক প্রস্কচারী বা সম্যাসী হয়েও থাকতে পারেন। অবশা কলিযুগে তাদের সংখ্যা খুবই কম।

তবে ইংজগতে আমরা গৃহস্থই ইই আর ব্রহ্মচারী কিংবা সম্যাসীই '
ইই না কেন—এ কথা সকলের গক্ষেই এবলা ভাগ সতা যে, বিনি
অবিশ্লাভভাবে শ্রীকৃষ্ণের দেবায় নিযুক্ত থাকেন, তার মনে যৌন
উত্তেজনা খুব একটা বাহাদ্রি দেখাতে পারে না। ইংজগতের ব্যক্তিগত
বৈষম্য অনুসারে আমরা যে আশ্রমই বরণ করি না কেন, আমাদের
প্রতাককেই অবিশ্লাভভাবে কৃষ্ণভাবনার অবশাই ভাবিত হতে হবে। তা
হলেই আমাদের পক্ষে শ্রীকৃষ্ণের নিতা পরিবার শ্লীবনে প্রবেশের
অবিকার লাভ করা সন্তব। নৈতিক ব্রহ্মচারী এবং স্ব্লাসীরাও শ্রীকৃষ্ণের
সেই নিতা গার্হস্থা জীবনে ব্যক্ষের উচ্চাকাক্ষম্য পোষণ করেন।

ভগবদ্গীতার ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন যে কেউ যদি বাইরে সংযমী ব্যক্তির মতো আচরণ করে অথচ ভেডরে ভোগের বিষয়সমূহ চিস্তা করে, তা হলে সে একজন মিখ্যাচারী অর্থাৎ ভণ্ড।

শ্রীল প্রভূপাদ বলেছেন, "আমরা কোনও ভণ্ড শিষা গ্রহণ করে আমাদের সংখ্যা বৃদ্ধি করতে চাই না, বরং আমরা শুধু একজন আম্তরিক এবং নিম্কলট ব্যক্তিকে চাইছি ;" সকলের প্রতি তাঁর বোলাখুলি নির্দেশ হল এই যে, কেউ যদি প্রস্কারী থাকতে পারেন, তা হলে তা অত্যন্ত চমৎকার—তবে কৃত্রিম প্রস্কারী হয়ে থাকার কোনও প্রয়োজন নেই। একজন ধর্মপত্নী গ্রহণ করে, মানসিক উদ্বেগ থেকে মুক্ত হয়ে জীবন যাপন করতে কোনও ক্ষতি নেই। অবশ্য দেখতে হবে যেন তাতে আমরা ভণ্ডামি থেকে মুক্ত হরে, আন্তরিক এবং নিম্বপট নিষ্ঠা সহকারে কৃষ্ণভাবনামূতে অগ্রগতি লাভ করি।

বিবাহিত কিংবা অবিবাহিত—সেটা আমাদের সমস্য। নয়। যদি দেখা যায় ব্রহ্মচারী থেকে কোনও ব্যক্তি যতটুকু কৃষ্ণসেবা করতে পারছেন, বিবাহিত হলে তিনি আরও উৎকৃষ্টতরভাবে এবং ব্যহম্প গতিতে কৃষ্ণসেবা করতে সক্ষম হবেন, তা হলে সেই ব্যক্তিকে অবশাই গৃহস্থ আশ্রম বরণ করতে হবে। এই হচ্ছে আমাদের নীতি।

শ্রীল প্রভূপাদের বহু গৃহত্ব শিবাই অত্যন্ত চমংকারভাবে এই কৃষ্ণভাবনামৃতের প্রচার যন্ত্রকে অত্যন্ত কার্যকরভাবে প্রাধিত করেছেন এবং আন্তও করে চলেছেন। তারা এক-এবং জন নিষ্ঠাবান প্রস্নচারী বা সন্ত্রাসীর মতোই আন্তরিক। সূত্রাং আত্রমিক পার্থকা একটি বাহা ব্যাপার মাত্র। উদ্দেশ্য হচ্ছে মিখ্যাচার থেকে মুক্ত হয়ে নিদ্ধপটভাবে এবং আন্তরিকভাবে হরিভঙ্কন করা।

দিল্লীকা লাড্ডু

দিল্লীকা লাজ্জু—যো ৰায়া ও পন্তায়া, যো নেহি খায়া ওজী পন্তায়া। জনেক সময় অবিবাহিত ব্যক্তিরা ভাবেন, বিবাহিত জীবনে না জানি কত সূখ। কিন্তু বৃদ্ধিমান গৃহস্থমান্তই উপলব্ধি করতে পারেন যে, এই বিবাহিত জীবনে দুংখের কোনো শেষ নেই।

বিশেষত এই কলিযুগে মেয়েরা বিশ্বমাত্রও স্বামীর অনুগত হতে চায় না, আর ছেলেরা হয় খুব বদরাগী। মাঝে মধ্যে স্বামী-দ্রীর ঝগড়া এতই মারাম্বক হয়ে ওঠে যে, স্বামী তার ন্ত্রীকে আগুনে পুড়িরে ফেলে। সময় সময় ব্রীও স্বামীকে মেরে ফেলে। জার বিবাহ-বিচেছদ তো হামেশাই হচ্ছে। কিংবা অবৈধ যৌনসঙ্গের ফল্ম্বরণে পারিবারিক অশান্তি এবং আগ্রহত্যার ঘটনাও আক্রকাল বিরল নম।

মনে হতে পারে, অভতে স্বামী-দ্রীদের মধ্যে এরকম অশান্তি স্বাভাবিক। ভতে স্বামী-দ্রীর মধ্যে এরকম ঝগড়াঝাটি হয় দা। কিন্তু স্বামী-খ্রী যদি শুদ্ধ ভত্ত না হন, এই দাম্পত্য কলহ যে-কোন মুহূর্তে থে-কোন পরিবারেই অশান্তির বিষ ছড়াতে লারে।

তবে ভক্ত গৃহস্থ জানেন, সামী-ব্রীর এই ঝগড়াকে বেশি ওঞ্জত্ব দেওমা উচিত নয়। বৈদিক দৃষ্টিকোণ থেকে, প্রথমতঃ যথাসম্ভব এই দাস্পত্য কলহ পরিহার করতে হবে। বিতীয়তঃ যদিও বা মাঝে মাঝে দাস্পত্য কলহ ঘটেও যায়, একে খুব ওঞ্জত্ব দেওয়া চলবে না। স্বামী-ব্রীর ঝগড়াকে দুটো শিশুর ঝগড়ার সঙ্গে তুলনা করা হয়। বৃদ্ধিমান স্বামী এবং বৃদ্ধিমতী ব্রী তাই কখনই একে গুরুত্ব দেন না।

চাণক্য পণ্ডিও বলেছেন যে, দুটো ছাগলের যুদ্ধ, শ্ববির প্রাদ্ধ, প্রথাতে মেথের গর্জন এবং স্বামী-ব্রীর ঝগড়াতে ওধু বাহ্য আড়মরই বেশি, কার্যক্ষেত্রে কিছুই হয় না। তিনি আরও বলেন যে, যেখানে মূর্যদের পূজা হয় না, ধান চাল সঞ্চিত থাকে এবং দাশপত্য কল্মন্থ নেই—সেখানে লক্ষ্মীদেবী ব্যাং আমেন।

তাই ভক্ত গৃহস্থেরা যথাসম্ভব এই দাম্পত্য কলথকে এড়িরে চল্ডেন কিবো তাকে আদৌ গুরুত্ব দেন না। কিন্তু বিবাহের পূর্বেই প্রভ্যেককে জেনে রাখা উচিত যে, দাম্পত্য জীবনে বিচিত্র রকমের অশান্তি প্রায় অনিবার্য। ভাগ্যবান ব্রহ্মচারীরা তাই এই অন্ধকুপে করনই পদার্পণ করতে চান না।

ভণ্ডামি নিপ্পয়োজন

নারীর প্রতি দৃষ্টিপাত করলেই আধ্যাত্মিক প্রগতি বাধাপ্রাপ্ত হয় না, তবে ভোগের বাসনা নিয়ে নারীকে দর্শন করাই হতেই গারমার্থিক জীবনের পথে প্রতিবন্ধক স্বরূপ।

প্রকৃত ঘটনা হচ্ছে এই যে, বিষয় ভোগের প্রতি আসন্তি পারমার্থিক প্রগতির পক্ষে আদৌ উপযোগী নয়। তবে বর্তমান সময়ে, বিশেষতঃ পাশ্চাতা দেশে নারী পূরুষ অবাধে মেলামেশা করছে এবং এর ফলস্বরূপ কখনও কখনও স্বভাবতই মন উর্জেজিত হয়। সূত্রাং আমাদের কিছু পূর্ব সভর্কতা নিতে হবে এবং সর্বশ্রেষ্ঠ পূর্ব সভর্কতা হচ্ছে শুদ্ধ কৃষ্ণভাবনার স্তরে উরীত হওয়া।

প্রীচেতন্য মহাপ্রভূ বলেছেন, কাঠের নির্মিত নারীমৃতি দর্শন করেও তার মন উত্তেজিত হয়। অবশা মহাপ্রভূ এই কথার মাধামে আমাদেরকে এই শিক্ষা দিছেন যে, যেখানে কাঠের নারীমৃতি উত্তেজনার সৃষ্টি করতে পারে, সেক্ষেত্রে প্রকৃত নারী দর্শন করা কতই না মোহজনক, বিশেষতঃ এই যুগে আমাদের মতো অধঃপতিত মানুষদের পক্ষে। নারী দর্শনে এই উত্তেজনা খুইই স্বাভাবিক। তবে কৃষ্ণভাবনামৃতের উন্নত আস্বাদ লাভ করার মাধ্যমে, কৃষ্ণভাবনায় প্রগতি সাধনের মাধ্যমে এই উত্তেজনাকে রোধ করা বায়।

কিন্তু ভাকে রোধ করা যদি একেবারেই কঠিন হয়ে পড়ে, তা হলে গৃহস্থ আশ্রমকে বরণ করে কৃষ্ণভাবনার অনুশীলন করতে হবে। এইভাবে টোন-উত্তেজনা প্রশমিত হবে এবং শান্তিপূর্ণভাবে কৃষ্ণভাবনরি অনুশীলন সম্ভব হবে।

কেন্ট যদি যৌনজীবনকে সম্পূর্ণ ত্যাগ করতে পারেন এবং তাঁর আসন্তিকে কৃষ্ণমূখী করে তুলতে সক্ষম হন, তা হলে তাঁর অবস্থা মত্যন্ত প্রশংসনীয়। কিন্তু যিনি সেই ন্তরে উন্নীত হতে আপতেও অক্ষম, তাঁর পক্ষে কৃত্রিমভাবে ত্যাগের অভিনয় তথা ভগুমি করার কোনো প্রয়োজন নেই। বরং গৃহস্থ হয়ে শান্তিপূর্ণভাবে কৃষ্ণভাবনার অনুশীলন করাই শ্রেম।

নিঃস্বার্থ কৃষ্ণসেবাই লক্ষ্য

বৌন কামনাকে দমন করতে অক্ষম ব্যক্তিদের জন্য এই বিবাহ হচেছ এক প্রকার আপোর শীমাংসা এবং ছাড়পত্রবিশেষ। আন কৃত্রিম রক্ষাচর্যের মিথ্যাচারকে বন্ধ করার জন্য এর ব্যাপক প্রয়োজনও রয়েছে। অবশ্য কেউ যদি শুদ্ধভাবে ব্রক্ষাচর্য পালন করতে সক্ষম হয়, তাকে জোর করে গৃহস্থ করা যার না এবং গৃহস্থ হওয়ার জন্য ভাকে উৎসাহিত করাও উচিত নয়।

কিন্তু পঞ্চাশ বংসর বয়সে প্রত্যেকেরই উচিত দ্রীর কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে সর্বতোভাবে কৃষ্ণসেবায় মনোনিবেশ করা। গৃহস্থ মানে এই নয় যে, আজীবন শ্রীর সঙ্গে থাকতে হবে। সাধারণত ২৫ বছর বয়সে বিবাহিত হয়ে বড় জোর ৫০ বছর বরুস পর্যস্ত—অর্থাৎ মোট ২৫ বছরের পব কঠোরভাবে যৌন জীবন থেকে বিরতি গ্রহণ করতে হবে।

আর ৬৫ থেকে ৭০ বছর বরসের মধ্যে প্রভ্যেককেই কার্যত সন্ধ্যাস নিতেই হবে। অর্থাৎ সন্মাস বেল ধারল না করলেও কাজের মাধ্যমে তাকে সন্মাসীর মতো অবশ্যই হতে হবে। কি গৃহস্থ কি সংস্থাসী, প্রত্যেকেরই উদ্দেশ্য হচেছ নিঃস্বার্থ কৃষ্ণসেবা করা। সেটিই প্রকৃত সন্মাস। আমরা যদি সম্পূর্ণ নিঃস্বার্থভাবে কৃষ্ণসেবা করতে পারি, তা হলে সর্ব অবস্থাতেই সকলেই সন্মাসী বলে পরিগণিত হবে।

গীতায় বলা হয়েছে যে, যিনি নিঃস্বার্থভাবে কৃষ্ণসেবা করছেন, তিনিই প্রকৃত সন্ম্যাসী এবং যোগী (গীঃ ৬/১)। সূতরাং সকল কর্ণ এবং পাল্রমের মানুষেরই কর্তব্য হল, নিংসার্থভাবে কৃঞ্চমেবা করার প্রকৃত সন্মাস গ্রহণ করা।

বিবাহের মানসিক প্রস্তুতি

কৃষ্ণভাবনামৃতে কৃত্রিমভাবে জবরদন্তি করে কামনা-বাসনাকে বন্ধ করা হর না। শ্রীকৃষ্ণ বলেছেন, 'ধর্মাবিক্রছো ভূতেমু কাম হৃষ্মি ভরতর্বভ'---'ধর্মের জবিরোধী কামরূপে আমি প্রাণিগণের মধ্যে বিরাজমান'। সূতরাং যিনি উপস্বেগ্রে অভিক্রম করতে অক্ষম, তিনি অবশাই গৃহস্থ আশ্রমকে বরণ করকে। কিন্তু বিবাহের পূর্বেই তাঁকে ভাবতে হবে যে, এই বিবাহের উদ্দেশ্য হচ্ছে কৃষ্ণসেবা বৃদ্ধি করা।

শ্রীল প্রভূপাদ দুরীভিষরাপ বলতেন, 'আমার ওক্সমহারাজ ওঁরি সম্যাসী শিবাদের কৃষ্ণভাবনামৃত প্রচারে নিযুক্ত করেছিলেন। আমি আমার গৃহত্ব শিবাদের প্রচারে পাঠাজি এবং তারা সামী-শ্রী মিলে ভগবান ক্রিক্ত মহাপ্রভূর বাণী কী চমৎকার প্রচার করতে।' অর্থাৎ কোনো ব্যক্তি যদি গৃহত্ব হয়েও মহাপ্রভূর বাণী প্রচার করতে পারেন, তা হলেই ওঁরে গৃহত্ব হওয়া সার্থক। এবং এই কৃষ্ণভাবনামৃতের প্রচারই হল গৃহত্ব আশ্রমের সবচেয়ে ওক্তপূর্ণ দায়িত।

তাই বিবাহের পূর্বেই ভাবতে হবে, যিনি বিবাহ তরতে ইচ্ছুক, তিনি
গৃহত্ব আশ্রমের সমস্ত প্রকার দায়িত্ব পালন করতে সক্ষম বি না।
মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। তাঁকে আগে থেকেই বুঝতে হবে,
বিবাহ কোনও ছেলেখেলা নয়। কুকুর-কুকুরীর মিলন নয়। এটি খুবই
শুরুতর ঝাগার। কুকুর-কুকুরীর মতো যখন-তখন বিচ্ছেদ চলবে না।
একবার বিনি বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছেন, খামখেয়ালি মতো বিবাহবিচেহদের কোনো প্রস্তুই সেখানে উঠতে পারে না। বিবাহের আগেই
পাত্র-পারীকে প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে—'বিবাহের পর আমরা

পরস্পরকে ত্যাগ করব না'। না হলে শ্রীল প্রভূপাদ বিবাহের অনুমতি দিতেন না। এই বিবাহ-বিচ্ছেদ নান্তিকদের মধ্যে এক মহা সমস্যা। এমন্কি যারা ভক্তিমার্গে উন্নত নয়, তারাও এই সমস্যার কবলে পড়তে পারে। তাই খ্রীল প্রভূপাদ এ ব্যাপারে খুব কঠোর ছিলেন। যাঁরা মানসিকডাবে যথেষ্ট প্রস্তুত নন, গৃহস্থ আশ্রয়ের ভাবী গুরুদায়িত্ব গ্রহণে দৃঢ় প্রতিভা মন, তিনি তাঁদের বিবাহ অনুমোদন করতেন না। অপর পক্ষে যাঁরা গৃহস্থ আশ্রমের শুরুদায়িষ পালনে দৃঢ়প্রতিজ্ঞ, শ্রীল প্রভুশাদ তাঁদের বিনাহ অনুমোদন করতেন এবং তাঁদেরকে সর্বতোভাবে আশীর্বাদ করতেন।

কৃষ্ণভাষনাময় বিবাহে বিবাহ-বিচ্ছেদ অভ্যন্ত কঠোরভাবে নিবিছ। শ্রীল গ্রন্থপাদ তাই একবার নিয়ম করেছিলেন যে, বিবাহে ইচ্ছুক ভক্তরা যেন বিবাহের আগেই একটি কাগজে সিবিতভাবে প্রতিচ্চা করেন যে, কোন অবহাতেই তারা বিবাহ-বিচেছদ হতে দেবেন না গ্রেডুপান শিক্ষামৃত ২য় খণ্ড, পৃঃ ৮৬৫)। সেই প্রক্রিজা লিখিতে বামী-খ্রী উভয়কেই স্বাক্ষর করতে হবে। অবশ্য এই প্রতিজ্ঞাকে গুরুত্ব দিতে হবে। তরুদেব, বৈষ্ণব, অগ্নি এবং বিগ্রহকে সাকী রেখে প্রতিজ্ঞা গ্রহদের বিধি বৈদিক শাশ্রেশও রয়েছে। এই প্রতিক্ষা কোনো ছেলেবেলা নয়। এই প্রতিভা ডঙ্গ হলে মহা অপরাধ হয়।

কৃষ্ণভাবনায় যথেষ্ট বলিষ্ঠ না হলে, গৃহস্থ জীবনেও মায়া প্রবেশ করে জীবনকে অত্যন্ত দুঃখময় করে তুলবেই। তাই, কৃঞ্চভাবনামৃতে গৃহস্থকেও সন্মাসীর মতোই দৃঢ়ত্রত হতে হবে এবং কেবল ভা হলেই গৃহস্থ-ন্দীবন সৃথময় হতে পারে। অব্যর্থভাবে প্রতিদিন কমগকে ১৬ মালা জপ করা, শ্রীল প্রভূপাদের গ্রন্থ পড়া, নগর সংকীর্তন এবং গ্রন্থ

বিতরণ ইত্যাদি সেবা করার মাধ্যমে কৃষ্ণদেবায় দৃঢ়ব্রত হওয়া যায়। যে গৃহস্থ কৃষ্ণদেবায় দৃঢ়ব্রত নয়, যে-কোনও মুহুর্তে সেই গৃহস্থের জীবনে অশান্তির বিষ নেমে আসবে।

আদর্শ গৃহস্থ জীবন

শ্রীন প্রভূপাদ এই বিবাহকে এক প্রকার কনসেশন বা অতিরিক্ত সুযোগ কিংবা আপস নিষ্পত্তি বলেই গণ্য করতেন (শিক্ষামৃত, ২য় খণ্ড, পঃ ৮৬৫)। কেননা, ব্রহ্মচর্যই কৃষ্ণভাবনার পক্ষে উৎকৃষ্ট আশ্রম। ব্রহ্মচর্যের মাধ্যমে বীর্য সঞ্চিত হলে স্মৃতি প্রধর হয় এবং প্রবণ কীর্তনাদি পদার যথার্থ ফল লাভ করা যায়। বর্ডমানের বেশির ভাগ যুবক যুবতী কঠোর ব্রন্মচর্য পালনে অক্ষম বঙ্গেই ত্রীল প্রভূপাদ তার শিব্যদের এই কনসেশন দিয়েছেন। সূতরাং এই কনসেশন বা আপস নিষ্পত্তিকে শোষণ করে তার অপব্যবহার করার থেকে অধিক দৃংখের বিষয় আর কি হতে পারে ং

কাওজানহীনের মতো বিবাহ-বিচ্ছেদ, গৃহস্থ আভ্রমের দায়িত্বকে অধীকার করা—এমব ঘটনা ডো হোটলোকের জীবনে হানেশাই হচ্ছে। বৈকাবরাই হচ্ছেন জগতের সবচেয়ে সন্তান্ত ভদ্রলোক। কিন্তু আপনার ব্যবহারই আপনার পরিচয়। তাই ছেটলোক নয়, ভন্তল্যেকের আচরণই वाश्वनीत्र ।

কৃষ্ণভাবনামৃত আন্দোলন প্রতিষ্ঠার শুরুর দিকে শ্রীল প্রভূপাদ যদিও ৰূব সহক্ৰেই বিবাহের অনুমোদন করতেন, শেষ দিকে তিনি একটু কঠোর হয়ে গিয়েছিলেন। যাত্রা যথেষ্ট দায়িত্বশীল নয়, ডিনি সহক্ষে তাদের বিবাহ অনুমোদন করতেন না।

১৯৭২ সালের ১৫ ফেব্রুয়ারি অমোঘ প্রভূকে লেখা একটি চিঠিতে তিনি বলেন যে, বাস্তবিকপক্ষে ইসকনের অধিকাংশ শ্রেষ্ঠতম পরিচালকেরা হচ্ছেন গৃহস্থ। কেননা পরিচালনা করার প্রতি গৃহস্থদের একটা স্বাভাবিক প্রবদ্ধা থাকে। তাই অমোঘ প্রভুর যদি সেরকম প্রবদ্তা থাকে, তাহলে তিনি বিবাহ করে সন্ত্রীক জাকার্তা নামক স্থানে একটি মন্দির খোলার দায়িত্ব নিতে পারেন।

সেই চিঠিতে গ্রন্থপাদ আরও বলেন যে, বিবাহের মূর্ত থেকে সামী হিসাবে তার গ্রীকে সর্বভোভাবে রক্ষা করার পূর্থ দায়িত্ব তাকে নিজে হবে। এই রক্ষা যেমন অর্থনৈতিক, তেমনি গ্রীকে পূর্ণরূপে কৃষ্ণভাবনামৃত দান করার দায়িত্বও স্বামীর। আর বিবাহ-বিচ্ছেদ যেন না হয়—এই হচ্ছে কৃষ্ণভাবনাময় বিবাহের প্রধান শর্ত। দারিত্বশীলতার সঙ্গে যারা এই শর্ত পালন করতে সন্মত হবে, তারাই গৃহত্ব হওয়ার অনুমোদন পাবে। শ্রীল গ্রন্থপাদ সর্বদাই তাদের আশীর্বাদ করকেন।

গৃহস্থ হওয়ার ঝুঁকি

সকলেই ব্রশ্বচারী হয়ে থাকতে পারেন। থাঁরা ততটুকু সমর্থ নন, তারা বিবাহ করতে পারেন। কিন্ত ভাবী পৃহস্থ থেন নিল্চিতভাধে জেনে রাখেন যে, সামনে সমস্যাসমূল জীবন অপেকা করছে। সর্বদাই একটা না একটা সমস্যা গৃহস্থ জীবনে লেগেই থাকবে—গৃহস্থ হওয়ার আগেই এটা নিশ্চিতরূপে প্রত্যাশা করা আবশ্যক। সর্বত্তই দেখা বাচ্ছে, স্বামী-জী আর সন্তান-সম্ভতি— সকলেই দুরুখে জ্বুরিত। তবুও গৃহমেধীরা কেবলই সন্তান উৎপাদন করে চলেছেন। কাম উপভোগ মানেই দুরুখ আর সমস্যা। তাই ধীর হওয়াই বাঞ্নীয়, কামের আকর্ষণে আকৃষ্ট হরে অধীর হওয়া উচিত নয়।

এক সময় শ্রীল প্রভূপাদও বিরক্ত হয়ে উঠেছিলেন। প্রথম দিকে অনেক সহজেই তিনি গৃহস্থ হওয়ার অনুমতি দিতেন এবং সেই সমন্ত গৃহস্থরা আশ্রমবাসী হয়েই প্রচার করতেন। প্রভূপাদ যখন দেখলেন বে, কিছু কিছু গৃহত্ব আশ্রমের সেবা করার পরিবর্তে ওধু সমস্যারই সৃষ্টি করছে, তবন তিনিও অনেক কঠোর হয়ে ওঠেন। একটি চিঠিতে তিনি বলেন—

"এখন খেকে যারাই বিবাহ করার প্রস্তাব নিয়ে আসবে, তাদেরকে
অবশ্যই বাইরে থেকে কিছু অর্থ উপার্জন করতে হরে। বিবাহের আগেই
এ কথা জানা আবশ্যক। গৃহত্ব আশ্রমের সমস্ত বোঝা বহন করার জনা
তাদেরকে প্রস্তুত থাকতে হবে। যারা বিবাহ করতে ইচ্ছুক, তারা তা
করতে পারে, তবে এ ব্যাপারে সমস্ত ঝুঁকিই তাদের নিজেদেরকেই
নিতে হবে। আমি আর অধিক অনুমোদন দিতে পারব না। আমার
কথনই তা অনুমোদন করেননি। বিশ্বত আমি এই
বাড়তি সুবিধাটুকু নিয়েছিলাম। আমারও আর অধিক অনুমতি দেওয়ার
ইচ্ছা নেই। আমি অনুমোদন করব না। তবে গৃহত্ব আশ্রম যে সর্বদাই
সমস্যাসকুল, এ কথা জেনে নিজের ঝুঁকিছে তারা বিবাহ করতে
পারে।"

গৃহস্থের উপদ্রব

১৯৭২ সালের ২৮ থেব্রুয়ারি শ্রীকীর্তিরাজ প্রভূকে লিখিত এক চিঠিতে শ্রীম প্রভূপাদ বলেন —

'বিবাহ সজোন্ত উপদ্রবের দারা আমি একেবারেই অভিষ্ঠ হয়ে উঠেছি। কেননা প্রায় প্রতিদিনই কোনো না-কোনও সামী বা ব্রীর কাছ থেকে আমি নানা রকম নালিপ পাছিং। আর বান্তবিকই একজন সদ্যাসী হিসাবে আমি তো আর বিবাহের ঘটক হতে পারি না। সূতরাং এখন থেকে আমি আর কোনও বিবাহের অনুমোদন করছি না। তবে যারা বিবাহ করতে ইচ্ছুক, তামের একথা অবশাই অগ্রিম জেনে রাখা দরকার এবং এই ব্যাপারে প্রস্তুত থাকাও প্রয়োজন বে স্বামীকে থাইরে থেকে উপার্জন করে তার ন্ত্রীর ভরণ-পোষণ করতে হবে এবং মন্দিরের বাইরে ঘর নিয়ে বসবাস করতে হবে—এই ব্যাপারে মন্দিরের উপর নির্ভর করা চলবে না। মন্দিরে স্বামী-ন্ত্রী পৃথকভাবে বাস করবে। এটা অবলাই করতে হবে। তাই মদি না হবে তো আমাদের এই পারমার্থিক সংস্থার কী অর্থ থাকতে পারে? বিবাহের এই বাড়তি সুবিধাটুকু আমি দিয়েছিলাম—কিন্তু যা এতই সমস্যার সৃষ্টি করছে তাকে আমি আর উৎসাহ দিই কেমন করে?"

স্বাভাবিক বৈরাগ্য

শ্রীল প্রস্থাদ কথনোও কথনোও বলেছেন যে গৃহত্ব দশ্পত্তি, বিশেষত আশ্রমবাসী স্বামী এবং ব্রী যেন পৃথকভাবে বসবাস (প্রভুগাদ শিক্ষামৃত, গৃঃ ৮৬৬)। আবার কথনো কবনো স্বামী-শ্রীকে একসঙ্গে থাকার পরামর্শ দিয়েছেন (শিক্ষামৃত, গৃঃ ৮৬৭)। কবনো তিনি বিবাহে উৎসাহ দিচ্ছেন, কখনো কখনো একেবারেই উৎসাহ দিচ্ছেন না। একদিকে আপাতদৃষ্টিতে পরস্পরবিরোধী বলে মনে হতে পারে। কিন্তু তা নাম। দেশ, কাল ও পারের পার্থক্য অনুযায়ী তিনি বিভিন্ন ক্ষেত্রের উল্যোগী বিভিন্ন উল্পেশ দিয়েছেন।

যার মনে ব্রীসঙ্গের বাসনা প্রবল, তার পক্ষে জোর করে প্রসাচারী হয়ে থাকা সম্পূর্ণ জনাকশ্যক এবং অযৌক্তিক। জারার বিবাহিত স্বামী-ব্রীর পক্ষে বিচ্ছিন্নভাবে বসবাস করা জনেক গৃহস্থের ক্ষেত্রেই সম্বর নয়। সুতরাং কৃত্রিমভাবে বৈরাগ্যের অনুশীলন করতে গিয়ে মনে মনে ভোগের চিন্তা করা সম্পূর্ণরাপে ভক্তির প্রতিকৃত্য। সেই ধরনের কৃত্রিম বৈরাগা অবলম্বনকারীকে শ্রীকৃষ্ণ মিধ্যাচারী বা ভক্ত বলে আখ্যা দিয়েছেন। (গীতা ৩/৬) ভিতিযোগে কৃত্রিমভাবে কোনোকিছুই অনুষ্ঠান করা হয় না। কিন্তু
সর্ব অবস্থাতেই ভতিযোগের অনুশীলন করা যায়। স্বামী-ট্রা খখন
পরস্পরের প্রতি আসক, তারা একসঙ্গে থাককেন বটে, তবে হরিনাম
কণ তথা প্রকণ কীর্তনরূপ নববিধা ভতি থেকে কখনই বিরত হওয়া
চলবে না। প্রথম দিকে ভণ্ডের সঙ্গে মায়ার যুদ্ধ চলবে। অনেকের
ক্ষেত্রে এই যুদ্ধ কিছুটা দীর্ঘকালীন বলেও মনে হতে পারে। একদিকে
বিষয় চিন্তা এবং অপরদিকে হরিনাম—এই যুদ্ধে মৃহুর্তের জনাও পিছপা
হওয়া উচিত নয়—কেননা প্রীকৃষ্ণ বলেছেন, মামেব যে প্রণদান্তে
মায়ামেভাং ভরত্তি তে—অর্থাৎ যদিও মায়া হা শন্তিশালী, যিনি
হরিনাম স্কণকীর্তন, হরিকথা প্রকণ কীর্তনরূপ যুদ্ধে কখনও পিছপা হন
না, তিনি মায়াকে অভিক্রম করবেন। ক্রমে ক্রমে স্বামী-ট্রা উভয়েই
পর্শরক্ষে ভূলে যাবেন। এটাই স্বাভাবিক বৈরাপা।

নারীর সতীত্ব

বৈদিক বৃগে বিবাহ-বিচ্ছেদ ছিল একটি অর্থহীন শব্দ। তথ্যকার গৃহত্বা সপ্তেও বিবাহ-বিচ্ছেদ করতেন না। পরিবার জীবনের সেই হিতিশীলতার মূলে প্রধান ভূমিকা ছিল নারীর।

বৈদিক সমান্ত ব্যবস্থায় নারীর সতীত্বকে এক মহামূল্যকান মণির মতোই সংরক্ষণ করা হত। কারও ঘরে যদি কোনও মূল্যবান মণিরত্ব বাকে, তা হলে সহজেই চোর-ডাকাডেরা আকৃষ্ট হয়। তাই বিবাহের পূর্ব কর্মন্ত পিতা তাঁর কন্যাকে পরম নিরাপদে রক্ষা করতেন। মহামূল্যবান মণিরত্বের মতোই তাঁকে অন্তঃপূরে কাল্যাপন করতে হত, যাতে স্থোগসন্ধানী শৃগালেরা তাঁর সতীত্ব হরণের স্থোগ না পায়। এমনকি, বিবাহিত মহিলারাও অন্তঃপূরে থাকতেন। কদাচিৎ আকৃত পান্ধীতে করে সুরক্ষিত অবস্থায় সসন্ধানে বাইরে যেতেন। অবিবাহিত মেয়েদের খুব অল্প বয়সেই পাত্রস্থ করা হত। সাধারণত ৮ থেকে ১১ বছর বয়সের
মধ্যেই মেগ্রেদের বিয়ে হত। এর ফলে ন্ত্রী হত অতান্ত সভী এবং
পতিব্রতা। বাল্যকালে সে যাকে স্বামী রূপে বরণ করত, বিবাহের প্রথম
রাত থেকে জীবনের শেব মুবুর্ত পর্যন্ত, সে তাকে ক্ষণকালের জন্যও
ভূলতে পারত না। কেননা বাল্যকালে স্বাভাবিকভাবেই ভারা নির্মন
চরিত্র এবং নিদ্ধপট। তাই তাদের সতীত্বের কোনও তুলনা হত না। তারা
তাদের নিদ্ধপট হাদয়ে স্বামীকে এত গতীরভাবে ভালবাসত বে, স্বামীর
মৃত্যুর পর বৈটে থাকা তাদের পক্ষে একেবারেই অসম্বব হত। খেল্যার
তারা সতীনার বরণ করত।

অবশ্য এখন আর আমরা সেই যুশের পরিবেশ প্রত্যাশা করি না।
তবে নারীর সতীত্বকে রক্ষা করার যথাসাধা চেটা অভিভাষকদের
করতে হবে। সেই দিকে গুরুত্ব দিতে হলে, মেয়েদের অন্ধ বরসে বিবাহ
কেওয়াই যুক্তিযুক্ত। বাঁশ যখন শক্ত এবং হলদে হয়ে যায়ে, তখন তা আর
নমনীয় থাকে না। ঠিক তেমনি অধিক ধরসে বিবাহিত মেয়েরা প্রয়শই
রামীর সঙ্গে মানিয়ে চলতে পারে না। সতীত্বেরও অভাব হয়। ফলে
সহজেই ঘটে বিবাহ-বিচ্ছেদ।

আকশ্বিক সন্নাস

অনেক সমায় গৃহস্থ ভক্তরা অনুপযুক্ত সময়ে সায়াস প্রথমের ইচ্ছা প্রকাশ করে গুরুদেবের কাছে চিঠি লিখে থাকেন। ত্রীল প্রভূপাদ এরকম আকম্মিক সায়াসের দাবী কখনও মানতেন না। সন্তান প্রাপ্তবয়স্ক না হওয়া পর্যন্ত স্ত্রী বর্তমানে সহজে তিনি সায়াসের অনুমতি দিতেন না।

বৈদিক ব্যবস্থায় সাধারণত স্বামীর বয়স যখন ৫০, তখন সন্তান তার মারের দায়িত নেওয়ার উপযুক্ত হয়। পুত্রের হাতে স্তীর দায়িত অর্পণ করে স্বামী তখন বানগ্রস্থ বা সন্মাস নিতে পারেন। অসমতে, যখন ভক্তের চেতনাও ববেষ্ট আসন্তিমুক্ত নয়, কৃত্রিমভাবে সন্মাস গ্রহণ করা ঠিক নয়। সূত্রাং খ্রী বর্তমানে সহজে সন্মাস গ্রহণ বাঞ্ছনীয় নয়। বিবাহের উদ্দেশ্য, কৃষণ্ডক সন্তান উৎপাদন। খ্রীও বহ সন্তান চাইতে পারে। সন্তানই বদি না হবে, তো গৃহস্থ আশ্রমের অতবড় বোঝা মাথায় নেওয়া কেনং যে পুরুষ গৃহত্ব হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন, তাঁর পরেষ্ট বিবাহের ক্রয়েকদিন পরেই সন্মাসের সিদ্ধান্ত নেওয়া অনুচিত।

সন্ত্যাসই যদি কাম্য হয় তো ছেলেখেলার মতো বিবাহ কোন গ বিবাহ এক শুরুতর দায়িত্ব। এটি অত হাজা নয় যে, যে কেউই ইচ্ছে হলেই কেটে পড়বে। কারও ভাবা উচিত নয়: "ও, আমি এখন বিয়ে করব, আর আমি যদি আমার ব্রীকে পছন্দ না হরি, কিংবা অন্য কোনো অসুবিধা হয়, সঙ্গে লঙ্গে আমি আমার শুরুদেবকে চিঠি লিখব—্ন্যাস লাও। ব্যস্, ব্রীর কথা ভাবার কোনও দরকার নেই, সে নরকে চলে বকে" ইত্যাদি।

এটি আসৌ ভাল প্রস্তাব নয়। থিবাহ জীবন এক ওক্তর বিষয়। খ্রী গ্রহণ করলে অবশাই জীবনভর তার পূর্ণ দায়িছ নিতে হবে। জীও অব্যর্থভাবে স্থামীর অনুগত হয়ে তার সেবা করবে। স্থামী খ্রীকে কৃষ্ণভাবনার উপদেশ দেবেন ঠিক তার গুরুর মতোই। গুরুদেবের মতোই দৃষ্টান্তের মাধ্যমেও স্থামী খ্রীকে শিক্ষা দেবেন। গুরু মুখে নয়। অন্যথায়, স্থামীহীন নারীর পক্ষে আধ্যাদ্বিক উন্নতি সাধন করা খুব কঠিন।

গৃহস্থ আশ্রমে উৎসাহ

সাধারণত দু ধরনের মান্ধ গৃহস্থ আশ্রমকে বরণ করে থাকেন—
(১) পরমহনে এবং (২) নৈষ্ঠিক ব্রস্কার্য পালনে অক্ষম।

শ্রীল ভন্তিবিনেদ ঠাকুর এবং শ্রীল প্রভুগাদের মতো ব্যক্তিরাও গৃহত্ব আশ্রমকে বরণ করেছিলেন। ইসকনে এখনও বহ ওক এবং জি নি সি রয়েছেন, যাঁরা গৃহস্থ। অনেক সময় পরমহংস স্তরের বৈঞ্চবরাও আদর্শ গৃহত্ব জীবন যাপনের দৃষ্টান্ত স্থাপন করার জন্য গৃহত্ব আশ্রমকে বরণ করেন। তাঁদের ক্ষেত্রে গৃহত্ব হওয়া না হওয়া সমান।

বিতীয় প্রকারের গৃহত্বরা হলেন নৈষ্টিক ব্রহ্মচর্য পাননে অকম ব্রহ্মচারী। এরা জীবনের নিমন্তরে রয়েছেন। কেউ কেউ এই সমস্ত নিমন্তরের ব্রহ্মচারীদের জ্যের করে ব্রহ্মচারী বানিয়ে রাখতে চান এবং তাদের গৃহত্ব আশ্রমে প্রকেশ করতে বাধা দেন। এই ব্যাপারে শ্রীল প্রভূপাদের বক্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ:

"স্থ্যাসী, যিনি সব কিছু ত্যাগ করেছেন, পরিবারকর্গের সম্পর্ক ত্যাগ করেছেন, তাঁর পক্ষে কি বিবাহ অনুষ্ঠানে উৎসাহ দান করা উচিত ৮ ভগবান এখানে (গীতা ১৮/৫) বলেছেন যে, মানব-সমাজের মসপের জনা যে যজা, তা কখনই ত্যাগ করা উচিত নয়। বিবাহ যজের উদ্দেশ্য বল্লে মানুষের মনকে সংযত করে শান্ত করা, যাতে সে পরমার্থ সাধনের পথে এগিয়ে যেতে পারে। অধিকাপে মানুষের পক্ষেই 'বিবাহ যজ্ঞ' অনুষ্ঠানের মাধ্যমে শান্তিপূর্ণ দাম্পত্য জীবন যাপন করা উচিত এবং তাদের এই ভাবে অনুগ্রাণিত করা সর্বত্যাণী সম্বাসীদের কর্তজ্ঞ।" (ভিজিবেদান্ত তাৎপর্য—গীঃ ১৮/৫)

খারা জীবনের নিমন্তরে রয়েছেন, তারা উচ্চন্তরের ব্যক্তিদের অনুকরণ করতে অক্ষম। তাকে যদি জোর করে উচ্চন্তরের সন্মাদীদের মতো জীবন যাপন করতে বলা হয়, তা হলে সে হয়তো অবৈধভাবে তার কামবাসনাকে চরিতার্থ করবে। সূতরাং যাঁরা জীবনের নিমন্তরে রয়েছেন, তাঁদের গৃহস্থ আশ্রমে প্রবেশের ব্যাপারে নিরুৎসাহিত করা। উচিত নয়। সন্মাদীদেরও কর্তব্য তাঁদের গৃহস্থ আশ্রমে অনুপ্রাণিত করা।

নিরাপগুবিহীন গার্হস্থ

প্রীল প্রভূপাদ প্রায়শই বলতেন, পূরুষও ভাল, মেয়েরাও ভাল, তবে, দূজনে যথন একসঙ্গে থাকে, তখন দূজনেই মন্দ হয়ে যায়। (শিক্ষামৃত প্র: ৮৭১)

সাধারণতঃ দেখা যায় যে-সমন্ত নারী-পুরুষের ব্যবহার সাধারণতঃ
মিন্তি, তাঁরাও যখন বিবাহ-বন্ধনে আবদ্ধ হন, তখন তাঁদের মধ্যেও
দাস্পত্য কলহাদি ছাড়াও কতো রকমের পারিবারিক সমস্যা সৃষ্টি হয়।
ব্রহ্মচারী অবস্থায় একজন পূক্তব যে-রক্ষ চমংকার সেবাকার্য করতে
প্যরেন, বিবাহিত পূক্তব অধিকাংশ ক্ষেত্রেই তা পারেন না।

আবার মেয়েদের ক্ষেত্রেও দেখা গেছে তারা যদি স্বামী সংস্পর্ণ থেকে একটু দূরত্ব বজার রাখে, তা হলে দাস্পত্য কলহও যেমন কম হর, তেমনি আবার তাদের সেবাকার্যও বেশ সৃষ্ঠুরণে সম্পাদিত হয়।

এজনাই বৈদিক গৃহস্থাশ্রমী পুরুষ বিশেষ প্রয়োজন যাড়া অভঃপূরে ধনে না। মহাপ্রস্থ স্বরং আচরণ করে দেখিয়েছেন যথার্থ গৃহস্থ জীবনে স্বামী এবং খ্রী কেমন করে পারস্পরিক দ্বত্ব বজার রাখতে পারেন। শ্রীল ভণ্ডিবিনোদ ঠাকুরও এই বিষয়ে চমংকার দৃষ্টান্ত স্থাপন করেছেন।

অধিকাংশ গৃহস্থ জীবন একপ্রকার আপোস মীমাংসা মাত্র। ব্রন্ধচারীরা বিবাহ করতে বাধ্য নয়। কেউ যদি ব্রন্ধচারী হয়ে থাকতে পারে, সেটাই সর্বোভম : এই জীবনেই ভজনে পূর্ণতা লাভ করে সে ভগবদ্ধামে ফিরে যেতে পারে।

গৃহত্ব জীবনে কী সুখোগ রয়েছে? এসব বিবেচনা করতে হবে।
ব্রহ্মচারীদের পক্ষে সর্বতোভাবে কৃষ্ণদেবা করা কত সহজ। গৃহস্থ হলেই
ভাকে চাকরি বা ব্যবসাদের কনা প্রস্তুত থাকতে হয়। মন্দিরের বাইরে
আবাসগৃহের ব্যবস্থা করা, গ্রীর গয়না, শাড়ি, এবং কাম বাসনাদি
অসংখ্য চাহিদা পূরণ করা—ইভাদি হেয় কাজে বহু সময় নম্ভ হয়ে যায়।

আনৰ্শ গৃহস্থ জীবন

স্তরাং যিনি এই জমেই ভগবদ্ধামে ফিরে ফেতে বদ্ধপরিকর, ভার পক্ষে নৈষ্টিক ব্রহ্মচর্যই নিরাপদা সম্ভান লাভের প্রয়োজন ছাড়া গৃহস্থেরও কর্তবা কঠোরভাবে ব্রহ্মচর্য পালন করা। অন্যধার গৃহস্থ জীবন একেবারেই নিরাপস্তাবিহীন।

গৃহস্থও পরম পদ প্রাপ্ত হতে পারেন

কি গৃহস্থ, কি সম্যাসী—শ্রীকৃকোর সেবাই তার একমাত্র বারোজন। বিনি নিষ্ঠাসহকারে, নাছ্যোড়বান্দা হয়ে শ্রীকৃকোর সেবায় সোণে থাকবেন, তিনিই পূর্ণরাপে সিদ্ধিলাভ করকেন।

চারটি নিয়ম তাঁকে অবশাই মেনে চলতে হবে এবং কমপক্ষে বোলমালা অপ করতে হবে। এই লমন্ত নিয়মণ্ডলি বচ্ছে আর্যানের পারমার্থিক শক্তির উৎস। এই রকম পারমার্থিক শক্তিতে শক্তিমান গৃহস্থ যখন অনুরূপ বভাববিশিষ্টা ধর্মপত্মী লাভ করেন, তখন তিনি অভান্ত ভাগ্যবান। (শিক্ষামৃত, পৃষ্ঠা ৮৭২)

গৃহহদের মধ্যে কেউ কেউ আছেন বিশেষ যোগ্যতাবিশিষ্ট— বিশেষতঃ পরিচালনা সংক্রান্ত সেবায়। মন্দিরের যে-কোন বিভাগের পরিচালনায় অত্যন্ত সুদক্ষ ছিলেন বলে শ্রীকরন্ধর প্রত্ শ্রীল প্রতুপাদের প্রীতিভাজন হয়েছিলেন। শ্রীল প্রভূপাদ ওাঁকে বলেছিলেন, ওাঁর ইন্ছামতো যে-কোনও বিভাগ বেছে নিয়ে তিনি সেবা করে যেতে পারেন। করন্ধর প্রভূর পত্নীকেও শ্রীল প্রভূপাদ এক মহীয়সী ভন্তরূপে বীকৃতি দিয়েছিলেন এবং করন্ধর প্রভূকে তাঁর পত্নীর সঙ্গে গান্তিপূর্ণভাবে স্কীবনযাপন করার নির্দেশ দিয়েছিলেন।

শ্রীশুরুদের পূর্ণরাপে প্রসন্ন হলে গৃহস্থও পরম গদ প্রস্তু হতে গারেন। শ্রীল প্রভূপাদের বিভিন্ন পত্র থেকে ব্যেকা যায়, নিঃসন্দেহে তিনি তাঁর অনেক গৃহত্ব শিষ্যের সেবায় বিশেষভাবে প্রদন্ন ছিলেন।

শ্রীল প্রভূগাদ বনেন, "গৃহস্থদের পক্ষে পূর্ণরূপে কৃষ্ণভাবনাময় হয়ে ওঠার পথে কোনও প্রতিবন্ধকই নেই। শ্রীমদ্মহাপ্রভূর অধিকাশে পার্যদই ছিলেন গৃহস্থ এবং ওাঁদের সকলেই শ্রীচেতনা মহাপ্রভূকে তাঁর সংকীর্তন প্রচারে সাহায্য করেছিলেন। পরবর্তীকালে তিনি সদ্যাসগ্রহণ করেছিলেন এবং তখন বিশেষতঃ স্বরূপদামোদর তাঁকে সাহায্য করতেন। কিন্তু তা সভ্তেও শ্রীঅবৈত আচার্য, নিত্যানন্দ প্রভূ, গদাধর দাস এবং শ্রীবাস ঠাকুর প্রমূখ গৃহস্থ ভঙ্গেরে সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল।"

(निकागुण, भृष्ठी ৮৭২)

বিবাহ বিচ্ছেদের কৃষল

দারিত্বজানহীন স্বামীর কারণেই হোক কিংবা অসতী ব্রীর কারণেই হোক—বিবাহ-বিচ্ছেদ যখন ঘটে, তখন নান্য রক্ষের গুরুতর সমস্যার সৃষ্টি হয়। কখনও কখনও ব্রীর একটি বা একাধিক সন্তানও থাকতে গারে। অধিকাশে ক্ষেত্রেই ভাদের ভরণ-গোষণ করা ব্রীর পক্ষে এক অসহনীর বোঝা হয়ে ওঠে।

কোনো কোনো ধনী দেশে, সরকার সেই সমস্ত শিশুদের ভরণ-পোবশের দায়িত্ব নিয়ে থাকে। আমেরিকার মতো ধনী দেশগুলিতে ওই সব পিতৃহীন (পিতা কর্তৃক পরিত্যক্ত) সন্তানের সংখ্যা এত বেশি যে সরকার পক্ষও স্কৃতিবান্ত এবং দিশেহারা হয়ে পড়ছেন।

অধিকাশে ক্ষেত্রই দেখা যায়, শান্তিময় পারিবারিক পরিকেশ থেকে বক্ষিত হরে দেই সমস্ত শিশুরা সমস্যাথুলক শিশুতে রূপান্ডরিত হয়। কখনও বা মায়েরাই শিশুকে ত্যাগ করে। এভাবে পিতা-মাতার স্নেহ থেকে বঞ্চিত শিশুরা সমাজের আগাছার মতো বড় হয়ে নানা রকম উৎকট সমস্যার সৃষ্টি করে।

শ্রীল প্রভূপাদ বলেছেন, 'আমরা প্রশ্রাশা করি না আমাদের মন্দিরভলি বিধবা কিবো বামী কর্তৃক পরিত্যক্ত পত্নীদের আশ্ররগুল হয়ে উঠক। তা হলে সমাজের কাছে আমরা হাস্যাম্পদ হয়ে উঠব' (শিক্ষামৃত, পু ৮৭০)

ঐ সমস্ত পরিত্যক্ত পত্নী এবং বিধবাদের এবং অনেক সময় তাদের
সন্তান-সন্ততির ভরণ পোষণ করা মন্দিরের গকে এক বিরাট বোঝা
হয়ে উঠবে। বিবাহ বিচেহদের অপর একটি শুরুতর কুমল হচেছ অবৈধ
যোনসঙ্গ এবং অবাঞ্ছিত সন্তানের জন্ম কিংবা লগ হতা। এভাবে
হাস্যাম্পদ হয়ে ওঠা আমাদের লক্ষ্য নয়। অথচ অভিজ্ঞতার দেখা
গেছে, যে-দেশে বিবাহ-বিচ্ছেদ যত বেশি, সেই দেশেই এই সমন্ত
গুরুতর সমস্যা তত বেশি। বনা পতদের জীবনে পারিবারিক কোনও
ছিতিশীলতা সেই। বিপদ নরপত্রা যদি বনা পতদের অনুকরণ করে,
তা হলে অচিরেই সমাজ একটি জঙ্গলে পরিশত হবে। বড় বড়
নগরগুলি ইতিমধ্যেই সিমেন্টের জঙ্গলে পরিশত হবে। গছে।

উপযুক্ত স্বামীর আশ্রয় না পেলে খ্রীদের যে কী দুর্গতি হয়, পাশ্চাত্য দেশওলিতে না গেলে তা সহজে বোঝা যায় না। খ্রীজাতি অবলা, অন্ধবৃদ্ধিমতী। উন্নত কৃষ্ণভক্ত স্বামীর সাহায়া ছাড়া তাদের আশ্ আধ্যাত্মিক উন্নতি সাধন দুরুহ ব্যাপার। কৃষ্ণভাবনায় উন্নত স্বামীর চরণকে শক্তভাবে ধরে রাধনেই খ্রীর পক্ষেও আধ্যাত্মিক উরতি লাভ সহজ হয়। কিন্তু বিবাহ বিচ্ছেদের ফলে স্বামী-খ্রী উভয়ের জীবনই হয়ে ওঠে হতাশায় জন্তরিত।

দ্রীকে সুরক্ষা দান করা স্বামীর কর্তব্য

কৃষ্ণভাবনাময় বিবাহ এমন কোনো সন্তা জিনিস নয় যে খামখেয়ালি

মতো তাকে জড়িয়ে ধরব এবং পরমূহুর্তেই ছুঁড়ে ফেলে সেব। বিবাহে ইচ্ছুক পাত্র-পাত্রী যেন পরস্পরকে সমগ্র জীবনকাল ধরে গ্রহণ করতে বস্তুত থাকে। প্রয়োজনে বাইরে কাজ করে, বাইরে কোনও ঘর নিয়ে সন্তান লালন-পালন করতে হবে। এই বিষয়টিকে গুরুত্ব দিতে হবে।

বিবাহ বছন এক গুরুতর দায়িত্বের বছনও বটে। কৃষ্ণভক্ত গৃহস্থ এই লায়িত্বকে কবনও হীন চোখে দেখেন না। অন্যথায় বিবাহ একটি প্রহসন মাত্র।

একটু অশান্তি হলেই খ্রীকে ছেড়ে চলে যাওয়া—সে তো সাধারণ কাওজানহীন মানুষেও করছে। এমনকি সাধন ভজনের দোহাই দিয়েও, অকসাং খ্রীকে ত্যাগ করা উচিত নয়। একবার যদি এই গৃহস্থ আশ্রমকে বরণ করা হয়, তখন গৃহস্তকে সমস্ত অসুবিধা সহ্য করেও তার স্বধর্ম পালন করতে হবে।

অবশ্য পুরুবের পঞ্চে ব্রহ্মচারী হয়ে থাকাটাই শ্রেষ্ঠতর। কিন্তু অনেক মহিলাও কৃষ্ণভক্ত হতে চাইছে। আমরা তাদের ত্যাগ করতে পারি না *(ত্রীল ফভূপাদের শিক্ষামৃত, পৃষ্ঠা ৮৬৯)*।

শ্রীকৃষ্ণ গীতায় বলেছেন যে খ্রী, বৈশা, শৃত্র—সকলেই তাঁর আশ্রয় নিয়ে তদ্ধ হতে পারে। সূতরাং এদের রক্ষা করা আমাদের কর্তব্য। এই সংরক্ষণের জনাই মেয়েদের বিবাহিতা হওয়া প্রয়োজন।

অবল্য মেরেরা যদি অবিবাহিতা থাকতে পারে এবং মন্দির যদি তাদের সূরক্ষার ব্যবস্থা করতে পারে—সেটাও মন্দ নয় (শিক্ষামৃত, পৃঃ ৮৬৯)। যেমন, খ্রিস্টান গির্জাসমূহে অনেক সময়ে কুমারী মেরেদের সূরক্ষার বাবস্থা থাকে।

ভবে যদি যৌন বাসনা থাকে, কেমন করে তা দমন করা যায় ? সাধারণত মেয়েরা পুরুষদের থেকেও বেশি কামার্ড এবং তাদেরকে বলা হয় অবলা । সাধারণত স্বামীর সাহায্য ছাড়া মেয়েদের ক্লেব্রে আধ্যান্ত্রিক

dre.

প্রগতি সাধন করা খুবই কঠিন। বহু কারণে মেয়েদের বিবাহিতা হওয়াই বাঞ্নীয়। কিন্তু বিবাহের পর স্বামী যদি অকশ্মাৎ ব্রীকে ছেড়ে চলে যায়, তা হলে তা কখনই ন্ত্ৰীর পক্ষে সুখদারক হতে গারে না।

গৃহে থাক বনে থাক, সদা হরি বলে ডাক

১৯৭৬ সালের ২৯ অক্টোবর, শ্রীপাদ তৃষ্টকৃষ্ণ বাভূর কাছে শ্রীল প্রভুপাদ নিম্নলিখিত চিঠিটি পাঠিয়েছিলেন ঃ

'আমি জানি, তুমি বৃদ্ধিমান এবং কৃষ্ণভাবনামৃতের প্রচারে পুব সৃন্দরভাবে সাহায্য করতে পার। যদি তুমি মনে কর, মারা তোমাকে আকর্ষণ করছে, তা হলে গৃহস্থ আশ্রম বরণ করে সংভাবে জীবন যাপন কর এবং আমাদের আন্দোলনে দান কর। গৃহস্থ হিসাবে তুমি বরুপ দামোদরের সঙ্গে যোগদান করে ভক্তিবেদান্ত ইনস্টিটিউটের সেবায় সাহায্য করতে পার। খ্রীচৈতন্য মহাপ্রভূ বলেছেন, কে সম্যাসী, কে গৃহস্থ, ব্ৰাহ্মণ বা শৃদ্ৰ-তাতে কিছু যায় আসে না। তোমার বৃদ্ধি আছে। পুর বেশি করে ভক্তিশান্ত অধ্যয়ন কর। যদি তুমি মনে কর, তোমার থিবাহ করা উচিত, তা হলে তা কর এবং সেবা দানের মাধ্যমে ভক্তিবেদান্ত ইনস্টিটিউটকে সাহায্য কর। একটি সাধারণ বোকা লোকের মতো হয়ো না, এই আমার অনুরোধ। জীবনের যে কোনও অবস্থায় কৃষ্ণভাবনামৃতকে সংরক্ষণ কর। সেটিই সাফলা।" (শিক্ষামৃত, পৃঃ ৮৭২)

কৃষ্ণভক্ত গৃহস্থ গৃহের কলুষ থেকে মুক্ত

নবীন ডক্তরা যখনই কোনও অসুবিধা বা সমস্যার সম্মুখীন হন, তখনই মনে করেন যে, বাহ্য পরিবেশ এবং পরিস্থিতিই বুঝি সমস্যার কারণ। এই ভেবে তাঁরা বাহ্য পরিবেশের প্রভাব থেকে রেহাই পাওয়ার জন্যে এক পরিবেশ থেকে অন্য পরিবেশে নিজেকে স্থানান্তরিত করেন। যনিরে অপ্রিড ভক্তরা এক মন্দির থেকে অনা মনিরে থেতে চায়। গৃহস্থ ভক্ত অসময়ে বানপ্রস্থ বা সম্রাস নিতে চায়।

ত্রীল প্রভূপাদ বলেন, এইভাবে বাহ্য পরিস্থিতিকে সমস্যার মূল কারল বলে মনে করা একটি ভূল বিচার (শিক্ষামৃত পৃঃ ৮৭০)। এটি সত্য নর। এই জড় জগতের সর্বন্তই সমস্যা—যে পরিবেশে আর যে অবস্থাতেই আমরা থাকি না কেন। সূতরাং ওধুমাত্র আমাদের বৃত্তি পরিবর্তন করে কিংবা আশ্রমের পরিবর্তন করে আমাদের কোনও লাভই হবে না।

আসল ঘটনা হচ্ছে এই যে, বাইরের কোনো পরিস্থিতি বা কোনো ব্যক্তির সংস্পর্শে যদি আমি সমস্যা অনুভব করি, তা হলে কুথতে হবে ষে এই সমস্যাটির মূলে রয়েছে আমারই কৃষ্ণভাবনার অভাব। কোন পরিস্থিতি বা ব্যক্তির দোষে নয়, আমারই হাদয়ে কৃষ্ণভাবনামতের অভাব থাকার ফলেই সমস্ত প্রকার সমস্যার সৃষ্টি হচ্ছে।

সূতরাং কোনো গৃহস্থ যদি মনে করে, গৃহস্থ আশ্রম ত্যাগ করলেই সব সমস্যার সমাধান হয়ে যাবে, তা হলে তা ভূল। উপযুক্ত সময়ে উপযুক্ত ব্যক্তি অবশ্যই গৃহত্যাগ করে কৃষ্ণভাবনামূতের প্রচার করতে পারেন। কিন্তু গৃহে থাকাকালীনও যিনি আদর্শ কৃষ্ণভক্ত, তিনি কখনই গুহের কলুৰে কলুবিত হন না। জলে থাকলেও পদ্ম পাতায় যেমন জল লাগে না, তেমনি গৃহে থাকলেও তাঁর চেতনা গৃহাসক্তি থেকে মুক্ত থাকে। অবশ্য কগুবিত চিম্বায় মর্ব্বরিত হয়েও অনেকে নির্চ্বেক পদাপাতার মতো নিম্কল্য বলে জাহির করতে পারে, তাতে কে:ন লাভ নেই। যিনি প্রকৃতই গৃহের কলুষ থেকে মৃক্ত, তিনি নিজেও উদ্বিগ্ন হন না। অপরকেও উবেগ দেন না। কৃষ্ণভাবনামূতের আনন্দময় প্রভাবে

আমর্শ গৃহয় জীবন

তিনি গৃহে থেকেও উদ্বেগহীন জীবন যাপন করতে পারেন। না হলে বনে গিয়েও উদ্বেগের শেষ নেই।

উদ্বিগ্ন করেন না, উদ্বিগ্ন হন না

আমাদের কখনই ভাবা উচিত নয় যে, আমাদের পারমার্থিক উন্নতি কোনো জ্বাগতিক পরিস্থিতির উপর নির্ভরশীল। গার্হস্থা কিংবা বানপ্রস্থ—ইত্যাদি আশ্রমগত পার্থক্যের উপরও ভক্তির বিকাশ নির্ভর করে না। পরিপঞ্চ অবস্থায় ভক্ত মনে করেন, বর্তমানে আমি যে পরিস্থিতিতে রয়েছি, যে আশ্রমে রয়েছি, দেটিই শ্রীকৃঞ্চের বিশেষ কগা। -সূতরাং দকল পরিস্থিতিভেই যথাসন্তব কৃষ্ণদেবার সুযোগ নিতে হবে এবং শুরুদেবের ব্রতকে বাস্তবায়িত করতে হবে। বিবাহের পর অনেক গৃহস্থ মনে করেন, বিবাহ করে তিনি ভুল করেছেন, কেননা এর ফলে তার বৃদ্ধি পারমার্থিক ক্ষতি হচ্ছে। এক্ষেত্রে শ্রীল প্রভূপাদের পরামর্শ হচ্ছে এই যে, আমরা যদি আমাদের ব্যক্তিগত প্রগতি বা সুখ কিংবা সেই রকম কোনো ব্যক্তিগত বিষয় নিয়ে চিন্তা করি, তা হলে তা হবে আগতিক বিবেচনা মাত্র (শিক্ষামৃত ৮৬৯)। বিবাহ যদি যন্ত্রণাদায়ক হয়, বিবাহের আগেই তা বুঝতে হবে। জানতে হবে। কিন্তু বিবাহ অনুষ্ঠান সংঘটিত হয়ে যাওয়ার পর হা-খতাপ করা আর উচিত নর। যা হয়ে গেছে, তা হয়ে গেছে। ভাবনা চিন্তা না করে বিবাহ করা যেমন শিশুসুলভ, আবার ভাবনা-চিদ্তা না করে বানগ্রন্থ বা সন্মাস গ্রহণও তেমনি দায়িত্বজ্ঞানহীনভার পরিচয়। ভগবদ্দীতার বলা হয়েছে—

যশানোদিজতে লোকো লোকানোদিজতে চ খঃ। হর্ষামর্যভয়োমেগৈ মৃত্যে যঃ স চ মে প্রিয়ঃ॥ 'যিনি কাউকে উত্তেগ দেন না, যিনি নিজেও উদ্বিশ্ব হন না, যিনি সুখ দূৰে, ভয় ভ উদ্বেগ থেকে মুক্ত, তিনি আমার অত্যন্ত প্রিয়' (গীতা ১২/১৫)

স্তরাং ভূল করেই হোক কিংবা পরিস্থিতির চাপেই হোক, বিনি একবার গৃহয় হরে গেছেন, গৃহয় আশ্রমের অনিবার্য যন্ত্রণায় তিনি কথনও উদ্বিশ্ব হন না। সন্তানের জ্বালাতন, স্ত্রীর কটু কথা—কোনও কিছুতেই তিনি উদ্বিশ্ব হন না। আবার অসমরে গৃহত্যাগ করে তিনিও কাউকে উদ্বিশ্ব করেন না। এই ব্যাপারে এক মহান দৃষ্টান্ত স্থাপন করেছেন শ্রীল রভুপাদ স্বয়ং।

গৃহস্থ আশ্রম ভক্তির প্রতিবন্ধক নয়

বিবাহ বিচ্ছেদ সম্পূর্ণ অবৈদিক। তবে যদি এমন দেখা যায় যে, স্বামী, এবং খ্রী উভয়েই খুব উন্নত ভক্ত এবং পারস্পরিক আলোচনার মাধ্যমে খ্রী যদি অত্যন্ত আনন্দিতভাবে স্বামীকে সম্ভাস গ্রহণের অনুমতি দেন, তা হলে বিচ্ছেদ সম্ভব এবং তা সমত।

তবে এক্ষেত্রেও সদ্মাস গ্রহণের সময় স্বামীকে এমন ব্যবস্থা করতে হবে মাতে স্বামীর অনুপস্থিতিতেও স্ত্রীর কোনো অসুবিধা না হয়। স্ত্রী মাতে নিরাপদভাবে সংরক্ষা পায় এবং তাকে যেন ভালভাবে যতু নেওয়া হর—সেই সম্বাচ্চে স্বামীকে নিশ্চিত হতে হবে।

ব্রীকে নিরাপঅহীন এবং অরক্ষিত অবস্থায় ফেলে রেখে সন্ন্যাস গ্রহণ করা স্বামীর উচিত নম। কেউ হয়ত স্ত্রীর ইচ্ছার বিরুদ্ধে জোর করে সদ্মাস নিরে থাকে এবং তার ফলে স্ত্রীকে অনেক সময় দৃঃখের মধ্যে জীবন যাপন করতে হয়। স্ত্রী মানসিক দিক থেকে অসুখী জীবন যাপন করে।

ভাই ত্রীল প্রভূপাদ সেই রকম সন্ন্যাস অনুমোদন করেননি। তিনি

ভবিষ্যতের গৃহস্থ ভন্তদের সামনে দৃষ্টান্ত স্থাপন করতে চেরেছিলেন। তাইপ্টেম্বর পুরুষরা যাতে মন্দ দৃষ্টান্তের প্রভাবে ভূল পথে ধাবিত না হয়, সেই উদ্দেশ্যে শ্রীল প্রভূপাদ ধুব সতর্কভাবে সন্ত্যাস অনুযোদন করতেন।

ইচ্ছা হলেই বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে দুদিন যেতে না বেতেই বিবাহ-বিচেহন যুক্তিযুক্ত নয়। এখানে এই অজ্বহাত খটিবে না যে, গৃহত্ব আশ্রম ভক্তি জীবনের পক্ষে প্রতিবন্ধক। পারমার্থিক প্রগতি সম্পর্কে এটি হচ্ছে একটি শ্রান্ত ধারণা।

শ্বধর্ম অবশ্যই প্রালন করতে হবে। চার কা এবং চার আশ্রমের কোনও একটি তারকে আমার স্বধর্ম রূপে গ্রহণ করে নিযুক্ত হওরার পর তা খামখেয়ালিভাবে পরিবর্তন বা ত্যাগ করা আমানের উচিত নয়-এটি সবচেয়ে বড় ভুল। ভক্তি এসবের উপর নির্ভরশীল নয়। সূতরাং একবার আমি যা ঠিক করেছি, তাতে ছির খেকেই শুছ কৃষ্যপ্রেমকে জাগ্রত করতে হবে। অর্জুনকে কাত্রধর্ম ত্যাগ করে ভক্ত হতে হয়নি, তেমনি গৃহস্বও তাঁর স্বধর্মে ছির থেকেই শুছ ভক্ত হতে পারেন।

→| ○000 - 8(-

THE THE PARTY OF THE PARTY OF THE PARTY.

the control of the second of the control of the con

the chart recoverable specific were no 20